১৬ পাতার সংখ্যা

দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 37 ■ Issue No. 32 ■ 10th August 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায় আছে

পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর

■ প্যারামেডিক্যাল কোর্সের ভবিষ্যৎ সম্ভাবনা

আই.বি.পি.এস.'এর মাধ্যমে

## ব্যাঙ্কে ৪,৪৫৫ প্রবেশনারি অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক, পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ও সেন্ট্রাল ব্যাঙ্ক 'প্রবেশনারি অফিসার' ও 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৪,৪৫৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে.ত্রয়োদশ পর্যায়ের কমন রিটেন এক্সামিনেশন (Common Recruitment Process for Recruitment of Probationary Officers/ Management Trainees in Participating Organisations-CRP-PO/ MT-XIV)'এর 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর মাধ্যমে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৮-২০২৪'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর,

☞ এরপর ৬ পাতায়

ICE Academy
WBCS, WB-PSC
SSC, Rail, Bank
Tech - Govt Jobs
অনলাইন ও অফলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
8597355667

## কলকাতা হাই কোর্টে ২৯১ লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা হাই কোর্ট 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট' পদে ২৯১ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৪'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২২৭০০-৫৮,৫০০ টাকা। শূন্যপদ : অরিজিন্যাল সাইডে — জেনাঃ ১৪, জেনাঃ এক্সেমটেড ক্যাটেগরি ১, জেনাঃ প্রাঃসঃকঃ ৩টি, জেনাঃ মেধাবী খেলোয়াড় ২টি, জেনাঃ বধির প্রতিবন্ধী ১টি, জেনাঃ লোকো মোটর ডিস্যাবিলিটি / সেরিব্রাল পালসি ১টি, জেনাঃ দৃষ্টিহীন প্রতিবন্ধী ১টি, তঃজাঃ ৮টি, তঃজাঃ এক্সেমটেড ক্যাটেগরি ৪টি, তঃজাঃ প্রাঃসঃকঃ ১টি, তঃউঃজাঃ ১টি,

☞ এরপর ১১ পাতায়

## রেলে ১,৩৭৬ প্যারামেডিক্যাল কর্মী

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কলকাতা, মালদহ, শিলিগুড়ি, গুয়াহাটি, পটনা, রাঁচি, চণ্ডীগড়, ভোপাল, মুম্বই, চেন্নাই, ভুবনেশ্বর, বিলাসপুর, আহমেদাবাদ, আজমীর, এলাহবাদ, বেঙ্গালউরু, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মজঃফরপুর, সেকেন্দরাবাদ ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের বিভিন্ন জোনে ডায়াটেশিয়ান, নার্সিং সুপারিন্টেন্ডেন্ট, অডিওলজিস্ট অ্যান্ড স্পিচ থেরাপিস্ট, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট, ডেন্টাল হাইজেনিস্ট, ডায়ালিসিস টেকনিশিয়ান, হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর গ্রেড-।।।, ল্যাবরেটরি সুপারিন্টেন্ডেন্ট গ্রেড-।।।, পারফিউশনিস্ট, ফিজিওথেরাপিস্ট গ্রেড-।।, অকুপেশনাল থেরাপিস্ট, ক্যাথ ল্যাব টেকনিশিয়ান, ফার্মাসিস্ট, রেডিওগ্রাফার এক্স-রে টেকনিশিয়ান, স্পিচ থেরাপিস্ট, কার্ডিয়াক টেকনিশিয়ান, অপ্টোমেট্রিস্ট, ই.সি.জি. টেকনিশিয়ান, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।। ও ফিল্ড ওয়ার্কার পদে ১,৩৭৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, শূন্যপদ ইত্যাদি পাবেন ওয়েবসাইটে।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৫'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তিনং Centralised Employment Notice No. CEN 04/2024.

সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের

☞ এরপর ১৬ পাতায়

কলেজ সার্ভিস কমিশনের পরীক্ষার মাধ্যমে

## কলেজে সহ-অধ্যাপক পদের 'সেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলকাতা-সহ অন্যান্য বিশ্ববিদ্যালয় ও ওইসব বিশ্ববিদ্যালয়ের অধীন বেসরকারি কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' ও 'লাইব্রেরিয়ান' পদে চাকরির জন্য '২৬তম সেট (স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট) বা, SET' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

এবার 'সেট' পরীক্ষা

☞ এরপর ১১ পাতায়

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৮৯৬ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** সারা ভারতের ৩টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে 'স্পেশালিস্ট অফিসার' পদে ৮৯৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে এইসব শাখায় : আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার, ল' অফিসার, মার্কেটিং অফিসার, এইচ.আর./পার্সোনেল অফিসার। লোক নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS)'এর 'Recruitment of Specialist Officers in Participating Banks (CRP SPL-XIV) পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় সফল হলে ওই ৩টি ব্যাঙ্কেরই ওই পদে শুধুমাত্র ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের

☞ এরপর ৬ পাতায়

## আই.টি.বি.পি-তে ২০২ কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'কনস্টেবল (কার্পেন্টার, প্লাম্বার, ম্যাসন, ইলেক্ট্রিশিয়ান)' পদে ২০২ জন ছেলেমেয়ে নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কার্পেন্টার, প্লাম্বার, ম্যাসন,

☞ এরপর ১১ পাতায়

## ন্যাবার্ডে ১০২ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-A' পদে ১০২ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, গ্রেড-এ পদে নেওয়া হবে এইসব শাখায় :**

**জেনারেল :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে পোস্ট-গ্র্যাজুয়েট, এম.বি.এ. বা, পি.জি.ডি.এম. কোর্স পাশ হলেও যোগ্য।

চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা, কোম্পানি সেক্রেটারিশিপ কোর্স পাশ হলেও যোগ্য। পিএইচ.ডি. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২৩, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২ ই.ডব্লু.এস. ৫)।

**কম্পিউটার অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশন বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী বা,

☞ এরপর ২ পাতায়

## হিন্দুস্তান কপার লিমিটেডে ১৯৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, বালাঘাট :** হিন্দুস্তান কপার লিমিটেডের মালঞ্জখন্ড কপার প্রোজেক্ট 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৯৫ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : মেট (মাইন্স), ব্লাস্টার (মাইন্স), ডিজেল মেকানিক, ফিটার, টার্নার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান,

☞ এরপর ৭ পাতায়

ব্যবসা

## যোগ ব্যায়াম সেন্টার

কম পুঁজিতে নানা ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু



FICCI ও EY-এর যৌথ সমীক্ষা ভবিষ্যদ্বাণী করে যে যোগব্যায়াম আর ফিটনেস পরিষেবা ভারতের সুস্থতার বাজারে উল্লেখযোগ্যভাবে অবদান রাখবে, যা ২০২৫ সালের মধ্যে দেড় লাখ কোটি টাকায় পৌঁছোবে বলে অনুমান।

**যোগ ব্যায়াম মানে কী :**

যোগ ব্যায়াম ক্যালোরি বার্ন করে। এ এক সম্পূর্ণ মন-শরীরের ওয়ার্ক আউট, যা গভীর শ্বাস আর ধ্যান বা শিথিলতার সঙ্গে শক্তিশালীকরণ আর প্রসারিত ভঙ্গিকে একত্রিত করে।

☞ এরপর ৪ পাতায়

## বিভিন্ন সরকার স্বীকৃত কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** 'স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি'তে হেলথকেয়ার ও প্যারামেডিক্যাল সংক্রান্ত কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয় ও পশ্চিমবঙ্গ কারিগরি সংসদের অধীনে নীচের এইসব প্রতিষ্ঠানটির প্যারামেডিক্যাল কোর্সের প্রশিক্ষণ শুরু হয় ২০০৩ সাল থেকে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের দক্ষতা উন্নয়ন মন্ত্রকের অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাক্টিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান তৈরি করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টিরও বেশি হাসপাতালের সঙ্গে সমঝোতা চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের নিয়োগ করা হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। কেন্দ্রীয় সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৪-'২৫ শিক্ষাবর্ষে নীচের এইসব কোর্সে ভরতি চলছে — সার্টিফিকেট কোর্স (যোগ্যতা ঃ মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) : অ্যাডভান্স জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) Phlebotomy (ব্লাড কালেক্টর); ৩) যোগা থেরাপিস্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা ঃ উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) এক্স-রে ইমেজিং টেকনোলজি। কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা-৭০০০১৪ মোবাইল ঃ ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০, পুরুলিয়া : ৯৯৩২৯৬৫৬৩৬ ঝাড়গ্রাম : ৬২৯৪২৮৯৪৭৮। Website : www.ssmtskill.com

বিজ্ঞাপন

## কেন্দ্রীয় সংস্থায় ৬টি কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৪-'২৬ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৬টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়র, টার্নার, ড্রাফটসম্যান মেকানিক্যাল ও ওয়েল্ডার। প্রথম ৫টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বাল্টিকুরি, হাওড়া- ৭১১১১৩। ফোন- ৮৯১০৩৯৪৯৬৮, ৮৭৭৭৮২৮৪২১, ৯৪৩৩০৪৮২৪১। ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/NTSC-Howrah

ADMISSION OPEN
SESSION : JULY 2024
MAKAUT, WB, GOVT UNIVERSITY এর সহযোগিতায়
**DMLT**
কোর্স করানো হচ্ছে
Eligibility: 12th (Any Stream)
100% JOB ASSISTANCE
6 Months Internship Govt. Hospitals
ASANSOL TECHNOLOGICAL INSTITUTION
BUDHA ROAD, ASANSOL
M: 7797918120 / 9434182065
Web: atiparamedical.in

পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

## সার ও কীটনাশক-এর লাইসেন্সের জন্য অত্যাবশ্যকীয় এবং কর্মমুখী ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে সীমিত আসনে ভর্তি চলছে

মাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

**নিজস্ব সংবাদদাতা :** সারের বা কীটনাশকের দোকান আছে? বা খুলবেন বলে ভাবছেন? লাইসেন্স পেতে গেলে বা, লাইসেন্স কন্টিনিউ করতে হলে সরকারি নিয়ম অনুসারে আজ বাধ্যতামূলক হয়ে গেছে, ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্স করা কোনো সরকারি ইউনিভার্সিটির সার্টিফিকেট-সহ। অনেকেই আবার ভাবছেন কী কোর্স করলে চাকরি পাবো? পশ্চিমবঙ্গের বাইরে যেতে হবে কী কোর্সে ভর্তি হতে? সব সমস্যার সমাধান নিয়ে এই বছরে সীমিত আসনে ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে ভর্তি শুরু হয়ে গেছে। কলেজে রয়েছে ১৫ বছরের বিশ্বস্ততা, বাংলার প্রতিটি জেলার হাজার-হাজার সফল ছাত্রছাত্রীদের বিশ্বাস, শ্রেষ্ঠ অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, নিজস্ব ফার্ম ইন্ডাস্ট্রিতে লাইভ ট্রেনিং, অত্যাধুনিক ল্যাব এবং ফ্রী স্পোকেন ইংলিশ ও সফট স্কিল ক্লাস এবং লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা-সহ সর্বোচ্চ স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট এবং শিক্ষান্তে চাকরির সুযোগ। তাই আর দেরি না করে এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানাতে : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, গোবিন্দপুর, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. Website : www.gurukulinstitute.org.in

BUILD A CAREER IN
**AGRICULTURE**

JIS UNIVERSITY

B.Sc (Hons.) AGRICULTURAL SCIENCE
(ICAR-guidelines based curriculum)

B.TECH IN AGRICULTURAL ENGINEERING
(AICTE Approved)
Duration: 4 years

Merit Scholarships Available

উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীর জন্য কৃষি বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার মাধ্যমে কেরিয়ার গড়ার এক সুবর্ণ সুযোগ। সরকারি ও বেসরকারি ক্ষেত্রে AICTE স্বীকৃত এবং ICAR সমতুল্য পাঠ্যক্রম। প্লেসমেন্টে এ সর্বত্র সহযোগিতা।

ADMISSIONS OPEN 2024

| B.SC (Hons.) AGRICULTURAL SCIENCE JIS UNIVERSITY | B.TECH AGRICULTURAL ENGINEERING JIS COLLEGE OF ENGINEERING |
|---|---|
| Eligibility: Minimum 50% in 10+2 & 45% in PCB combination & qualifiy through JET (JISU Entrance Test) | Eligibility: Through WBJEE, E-counselling or CEE-AMPAI-WB-2024 (As per WBJEE 2024 rank) |

CAREER OPPORTUNITY
State and Central Govt. Specialized Officer as ADA, Food Safety FCI, Warehouse Corporation, NABARD FSSAI in Plant Protection, Soil Conservation, Forest Department. Nationalized Banks as Field Officer Probationary Officer, Assistants Corporate sectors in Seed producing, Agri-chemicals, Food Processing, Biofertilizers, Microbial fertilizers Companies

Block A, Phase III, Kalyani-741235
For B.Sc. (Hons) Agri : 6294045510, 9088431806
For B.Tech (Agri. Eng.) : 8240729310, 8777341448
www.jisgroup.org | www.jisuniversity.ac.in

KALYANI Reliable
Your Future Starts Here

কয়েকশো ছেলেমেয়ের নার্সিং ও ফার্মাসির ট্রেনিং নিয়ে চাকরির সুযোগ

**Kalyani Reliable**

An Educational Training & Consultancy Institute (ISO 9001 – 2015)

একমাত্র এই ইনস্টিটিউটে এত কম খরচে নামী কলেজে নার্সিং ও ফার্মাসির কোর্স করে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ আর কোথাও পাবেন না।

**GNM** 2 Lacs প্যাকেজ শুরু For 3 Yrs.

**B.Sc Nursing** 3 Lacs প্যাকেজ শুরু For 4 Yrs.

**D. Pharm – Only 80,000**

**B Pharm (4 Yrs.)**

গত কয়েক বছর ধরে আমাদের এখান থেকে ভর্তি হওয়া কয়েকশো ছেলেমেয়ে পাশ করে আজ সুপ্রতিষ্ঠিত।

All Course Approved by Govt. | কর্মরতদের বিশেষ সুবিধা | Admission Going On 2024-2025 | 100% Educational Loan Assistance

হেড অফিস — কল্যাণী : 7003007707, 9007309541

রাজ্যের বিভিন্ন জেলার ছেলেমেয়েদের ভর্তির সুবিধার জন্য বিভিন্ন জেলা শহরে আমাদের নিজস্ব স্টাডি সেন্টার আছে। যে কোনো স্থানে ভর্তি হতে চাইলে ওপরের নম্বরে ফোন করুন।

# যোগ ব্যায়াম সেন্টার ব্যবসা

১ পাতার পর




যোগব্যায়াম শক্তি আর নমনীয়তা উন্নত করতে সাহায্য করে। যোগ ব্যায়ামের ১০০টিরও বেশি ফর্ম রয়েছে। এটি মূলত এক আধ্যাত্মিক শৃঙ্খলা, যা অত্যন্ত সূক্ষ্ম বিজ্ঞানের ওপর ভিত্তি করে, যা মন আর শরীরের মধ্যে সামঞ্জস্য আনতে মনোনিবেশ করে। এ হল বিজ্ঞান আর সুস্থ জীবনযাপনের শিল্প। 'যোগ' শব্দটি সংস্কৃত শব্দ 'যুজ' থেকে উদ্ভূত হয়েছে, যার অর্থ 'যোগ দান' করা বা একত্রিত হওয়া।

**যোগব্যায়াম প্রশিক্ষকের কাজ কী :**

একজন যোগব্যায়াম প্রশিক্ষক হলেন একজন যোগব্যায়াম পেশাদার, যিনি তাঁর ছাত্রদের শারীরিক যোগ ব্যায়াম শেখার জন্য গাইড করেন, যেমন যোগ আসন আর শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম ও প্রাণায়াম।

**কীভাবে যোগ শিক্ষক হবেন :**

যোগ শিক্ষক হওয়ার জন্য এইসব পদক্ষেপ অনুসরণ করতে হবে : পেশাদার কোর্সের মাধ্যমে যোগ ব্যায়াম শিখুন। যোগ শিক্ষক প্রশিক্ষণ নেওয়ার পর RYTT সার্টিফিকেট পাবেন। যে ধরনের যোগ শিক্ষক হতে চান তা ঠিক করে ক্লাস শুরু করুন।

**যোগ শিক্ষকের প্রকারভেদ :**

যোগ শিক্ষক হতে চাইলে যোগ ব্যায়াম শিক্ষকদের প্রকারও জানতে হবে। বিভিন্ন ধরনের যোগ ব্যায়াম শিক্ষক রয়েছে। প্রত্যেকের নিজস্ব অনন্য পদ্ধতি ও দক্ষতা রয়েছে।

**(১) হঠ যোগ শিক্ষক :** শারীরিক ভঙ্গি আর সারিবদ্ধতার ওপর জোর দেওয়া হয়।

**(২) অষ্টাঙ্গ যোগ শিক্ষক :** পতঞ্জলির যোগ সূত্রে দেওয়া যোগ দর্শন ও কৌশলের ৮টি অঙ্গের ওপর ভিত্তি করে অষ্টাঙ্গ যোগ প্রশিক্ষণ দেওয়া।

**(৩) ভিনিয়াসা যোগ শিক্ষক :** শ্বাসের সঙ্গে যুক্ত ভঙ্গির প্রবাহিত সব ক্রমে ফোকাস করা।

**(৪) ইয়িন যোগ শিক্ষক :** গভীর টিস্যু মুক্তির জন্য দীর্ঘক্ষণ প্যাসিভ ভঙ্গিতে শিক্ষার্থীদের গাইড করা।

**(৫) পুনরুদ্ধারকারী যোগ শিক্ষক :** বিশ্রামের ভঙ্গীতে শরীরকে শক্তিশালী করার জন্য প্রপস ব্যবহার করা।

**(৬) প্রসব পূর্ব যোগ শিক্ষক :** গর্ভবতী মহিলাদের জন্য ভঙ্গী আর ক্রম শিখিয়ে দেওয়া।

**যোগ শিক্ষক হতে হলে কী কী যোগ্যতা দরকার :**

**(১) বিশেষ যোগ্যতা :** যোগ ব্যায়ামে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি দরকার।

তবে সেই সঙ্গে যোগ শিক্ষক প্রশিক্ষণের RYTT সার্টিফিকেট দরকার।

**(২) বয়স :** যোগ শিক্ষক হওয়ার জন্য প্রার্থীদের বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।

**(৩) স্বাস্থ্য সম্পর্কিত যোগ্যতা :** শারীরিকভাবে ফিট হতে হবে। সিজোফ্রেনিয়া, মেজর ডিপ্রেসিভ অর্ডার বা বাইপ্লোয়ার ডিসঅর্ডারের মতো গুরুতর মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগলে যোগ শিক্ষক হওয়ার জন্য যোগ কোর্সে ভরতি হবেন না।

**যোগ কোর্সে বি.এ বা এম.এ কোথায় করা যায় :**

যোগ ব্যায়ামে বি.এ পড়া যায় সেরা এইসব কলেজে :

(১) পতঞ্জয় বিশ্ববিদ্যালয়

(২) লখনউ বিশ্ববিদ্যালয়

(৩) শুলিনী বিশ্ববিদ্যালয়

(৪) সানরাইজ ইউনিভার্সিটি

(৫) MATS বিশ্ববিদ্যালয় ইত্যাদি।

**যোগ ব্যায়ামে এম.এ :**

(১) মোহনলাল সুখদিয়া বিশ্ববিদ্যালয়

(২) মহর্ষি দয়ানন্দ বিশ্ববিদ্যালয়

(৩) দীনদয়াল উপাধ্যায় গোরখপুর বিশ্ববিদ্যালয়

(৪) হিমাচল প্রদেশ বিশ্ববিদ্যালয়

(৫) বিক্রম বিশ্ববিদ্যালয় ইত্যাদি।

**যোগ (Yoga) প্রশিক্ষণের ব্যবসা, মাসে আয় করুন লাখ টাকা :**

যোগা (Yoga) শরীর সুস্থ রাখার পাশাপাশি এখন এক বড়ো ইন্ডাস্ট্রি হিসাবে গড়ে উঠেছে। এই ক্ষেত্রটি এখন আয় করার এক বড়ো বিকল্প হয়ে উঠেছে। দামি ওষুধ আর ডাক্তারের ঝামেলা থেকে বাঁচতে ও সুস্থ থাকতে অধিকাংশ মানুষ যোগকে বেছে নিয়েছেন। যোগের মাধ্যমে আয় করতে চাইলে ১ থেকে দেড় বছরের ট্রেনিং আর সার্টিফিকেটের দরকার পড়বে। দেশে প্রচুর বড়ো ইনস্টিটিউট রয়েছে যেখানে এই ধরনের প্রশিক্ষণ দেওয়া হয়। এখান থেকে সার্টিফিকেট নিয়ে নিজে ব্যবসা শুরু করতে পারেন। যোগের মাধ্যমে আয় করার সবচেয়ে জনপ্রিয় উপায় হল যোগ শিক্ষা দেওয়া। নিজের প্রশিক্ষণ যত ভালো হবে তত ভালো শিক্ষক হবেন। যোগ টিচিং এমন এক পেশা যেখানে প্রথমেই বিশাল আয় করতে পারবেন না। অভিজ্ঞতা আর খ্যাতি যত বাড়বে তত আয়ও বাড়বে। যোগ স্টুডিও আর ফিটনেস সেন্টার মডেল আধুনিক যোগের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। মেট্রো শহরে ও বিদেশে এখন অত্যন্ত জনপ্রিয়। শুরুতে ২০ থেকে ৩০ হাজার টাকা আয় হবে। জনপ্রিয়তা বাড়লে ১ থেকে ২ লাখ টাকা পর্যন্ত আয় করতে পারবেন।

**৪ ধরনের যোগ :**

যোগের চারটি প্রধান পথ — কর্মযোগ, ভক্তিযোগ, রাজযোগ আর জ্ঞানযোগ। এই ৪টি পথ গাছের ডাল বা নদীর উপনদীর মতো।

**যোগ স্টুডিও কী :**

যোগ স্টুডিও হল যেখানে যোগব্যায়াম শিক্ষকের তত্ত্বাবধানে যোগাভ্যাস করানো হয়।

যোগ স্টুডিও ছোটো বড়ো বিভিন্ন ধরনের হয় আর বিজ্ঞান ভিত্তিতে তৈরি করা হয়। অনেক সময় শান্ত মিউজিক বা মেডিটেশন রেকর্ডিং বাজানো হয়। সাধারণত যোগ স্টুডিওর সুবিধা শারীরিক ও মানসিক সুস্থতার পরিবেশ তৈরির কথা মনে রেখে ডিজাইন করা হয়।

**যোগাসনের ইতিহাস :**

যোগব্যায়াম ৫০০০ বছরের পুরোনো ঐতিহ্য। ভারতের সন্ন্যাসীরা রোগমুক্ত শক্তিশালী শরীর তৈরির লক্ষ্য নিয়ে বছরের পর বছর নির্জনে কাটিয়েছিলেন। মূল উদ্দেশ্য ছিল ঘণ্টার পর ঘণ্টা ধ্যানে বসতে পারা।


**উপসংহার :**

যোগ ব্যায়াম ট্রেনিং সেন্টারের ব্যবসা অত্যন্ত লাভজনক তবে ভালো প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় থেকে যোগ ব্যায়াম শিক্ষা নেওয়া উচিত, যাতে উত্তম মানের ব্যায়াম ট্রেনিং দেওয়া যায়। যশ বা খ্যাতি বাড়ার সঙ্গে সঙ্গে ব্যবসাও বাড়ে। কিন্তু নিষ্ঠাবান হওয়া দরকার।

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



INC, WBNC ও WBUHS স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য **হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252.** এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : **Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.**

**কোন ধরনের চাকরির পরীক্ষায় কীভাবে তৈরি হবেন, কোন বিষয়ে কী কী বই**

## চাকরির পরীক্ষায় সাফল্যের প্রস্তুতি

**পড়বেন, উত্তর কী মানের দেওয়া উচিত ও প্রস্তুতির সময় কোন-কোন দিকে নজর দিতে হবে, সে বিষয়ে প্রতি সংখ্যায় ধারাবাহিকভাবে সাফল্যের টিপস দিচ্ছেন নানান পরীক্ষার কৃতীরা।**

# পূর্ব রেলের স্টেশন ম্যানেজার পদে কীভাবে চাকরি পেলাম



**হাবিব মণ্ডল**

কৃষ্ণনগর চাপড়ার ছেলে আমি। বাবা ছিলেন স্কুল শিক্ষক। বড় আন্দুল হাই স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করি। ইচ্ছে ছিল ডাক্তার হওয়ার। আর সেই লক্ষ্যপূরণে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দিই। মেডিক্যালে ১৩০০ র‍্যাঙ্ক হওয়ায় ডেন্টালে সুযোগ পাই। কিন্তু ভরতির জন্য কোনো আগ্রহ দেখাইনি। শেষ পর্যন্ত ইঞ্জিনিয়ারিং পড়ার কথা ভাবি। এরপর দুর্গাপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ইলেকট্রনিক শাখায় ভরতি হই। আর এই কলেজ থেকে ওই শাখায় বি. টেক ও এম. টেক করি। ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে প্রথমে অ্যালস্টম কোম্পানিতে চাকরি পাই। কিন্তু দূরে বলে চাকরিতে যোগ দিইনি। এরপর কলকাতার এক বেসরকারি সংস্থায় চাকরি পাই। কিন্তু ভালো লাগেনি বলে ১ মাস চাকরি করার পর ছেড়ে দিই। ২০১৪ সাল থেকে সরকারি চাকরির পরীক্ষায় বসার পরিকল্পনা করি। আমার লক্ষ্য ছিল কেন্দ্রীয় সরকারের চাকরি, বিশেষত ব্যাঙ্ক ও রেলের চাকরি। এর একটাই কারণ রাজ্য সরকারের চাকরির নিয়োগ প্রক্রিয়া দীর্ঘমেয়াদি হয়। ২০১৬ সালের বিজ্ঞাপন দেখে আইবিপিএস-এর মাধ্যমে ব্যাঙ্কের আর রেল রিক্রুটমেন্ট বোর্ডের এনটিপিসি পরীক্ষায় ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদের জন্য পরীক্ষা দিই। আইবিপিএস-র মাধ্যমে ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার পদের পরীক্ষায় সফল হয়ে চাকরি পাই। কিন্তু যোগ দিইনি। যোগ দিই রেলের চাকরিতে। ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস পদের জন্য শিক্ষাগত যোগ্যতা ছিল যেকোনো শাখার ডিগ্রি কোর্স পাশ। চোখের দৃষ্টি চাওয়া হয় ৬/৬। নিয়মিত অনুশীলনের মধ্যে ছিলাম বলে রেলের পরীক্ষার জন্য বাড়তি চাপ নিতে হয়নি। বিভিন্ন বিষয়ের জন্য বাজার চলতি বই পড়ি। পাশাপাশি নিয়মিত 'কর্মসংস্থান' পত্রিকা পড়ি। এর পাশাপাশি নিয়মিত ঘড়ি ধরে লেখার অনুশীলন করি। পরীক্ষা নেয় রেল রিক্রুটমেন্ট বোর্ড। পরীক্ষা হয় ৩টি পর্যায়ে। প্রিলিমিনারি পরীক্ষায় ছিল এইসব বিষয় : জেনারেল নলেজ, অঙ্ক, জেনারেল ইন্টেলিজেন্স। কম্পিউটার বেসড পরীক্ষা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হওয়ার পর দিই মেইন পরীক্ষা। বিষয় ছিল একইরকম। সেইসঙ্গে ছিল কম্পিউটার সায়েন্স। পরীক্ষাও হয় আগের মতো কম্পিউটার বেসড। মেইন পরীক্ষায় সফল হওয়ার পর নেওয়া হয় সাইকোলজিক্যাল টেস্ট। এখানে দেখা হয় পরীক্ষার্থীর মানসিক দক্ষতা। লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর নথিপত্র যাচাই করা হয়। সব কিছু চূড়ান্ত হওয়ার পর ২০১৮ সালে ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে যোগ দিই। কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডের সফলদের তালিকায় জেনারেল ক্যাটেগরিতে আমার র‍্যাঙ্ক ছিল ৪৫।

পূর্ব রেলের ধানবাদে যোগ দেওয়ার পর ২ বছর ট্রেনিংয়ে ছিলাম। এখন প্রমোশন পেয়ে পূর্ব রেলের স্টেশন ম্যানেজার পদে চাকরি করছি। একজন স্টেশন ম্যানেজারের দায়িত্ব একদিকে যেমন গাড়ির গতিবিধির নজর রাখা, তেমনি গাড়ির সিগনালসহ অন্যান্য টেকনিক্যাল বিষয়ে ধ্যান দেওয়া। গোটা স্টেশনের পরিষেবা সামলানোর খুব দায়িত্বপূর্ণ কাজ।

দেশের সবচেয়ে বড়ো চাকরির ক্ষেত্র ভারতীয় রেল। খুব শিগগির বিভিন্ন পদে লোক নেওয়া হবে। ফলে, এখনই প্রস্তুতি শুরু করতে হবে। মনে রাখা দরকার, স্কুল কলেজের পরীক্ষা আর চাকরির পরীক্ষা এক নয়। চাকরির পরীক্ষায় পাশ করার জন্য দরকার ধারাবাহিক অনুশীলন। কম সময়ে নির্ভুল উত্তর লেখার কৌশল রপ্ত করতে হবে। অঙ্কের জন্য বেসিক বিষয় জানার পর জানতে হবে অ্যাডভান্সড বিষয়। জেনারেল স্টাডিজের শুরু ও শেষ নেই। সাম্প্রতিক ঘটনাবলির জন্য আপডেট থাকতে হবে। চটপট উত্তর লেখার জন্য বাড়িতে ঘড়ি ধরে অনুশীলন করে নিজেকে তৈরি করতে হবে। আর শেষ কথা, ১ বার বা ২ বার অসফল হলে ভেঙে পড়লে চলবে না। নিজের লক্ষ্যে অবিচল থাকতে হবে। আমিও চাকরি পাব-এই মনোভাব নিয়ে অদম্য লড়াই চালিয়ে যেতে হবে।

# প্যারামেডিক্যালের চাকরিমুখী কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি, কল্যাণী :** কল্যাণীর ডি.পি.এম.আই প্যারামেডিক্যাল ইনস্টিটিউট চলতি সেশনে প্যারামেডিক্যালের ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। ডিগ্রি কোর্স পড়ানো হবে এই ৩টি বিষয়ে : (১) মেডিক্যাল ল্যাব. টেকনোলজি, (২) অপারেশন থিয়েটার টেকনোলজি ও (৩) রেডিওলজি ইমেজিং টেকনোলজি। ডিপ্লোমা কোর্স পড়ানো হবে এইসব বিষয়ে : (১) ডি.এম.এল.টি, (২) ডি.ডি.টি, (৩) ডেন্টাল অ্যান্ড ওরাল হাইজেনিস্ট, (৪) ডি.ও.পি.টি, (৫) ডি.সি.সি.টি, (৬) অ্যাসিস্ট্যান্ট ফিজিওথেরাপি, (৭) ডি.ই.এম.টি, (৮) ডি.আর.আই.টি। এছাড়াও আরো অন্যান্য কোর্সে ভরতি চলছে। উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। সরকারি হাসপাতালে ইন্টার্ণশিপ ও স্টাইপেন্ডের সুবিধা আছে। এছাড়া প্লেসমেন্টেও সহায়তা করা হয়। পড়ানো হবে এইসব শাখায় : কল্যাণী, বর্ধমান, বেড়াচাঁপা, বেহালা, দুর্গাপুর, হাওড়া, মালদা, মেদিনীপুর, সোদপুর। বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : F-30, Near by 3 No. Railway Platform Kalyani, Nadia, 741235. Ph. : 7669955472. Website : dpmibangla.com

# নৌবাহিনীতে ১৮ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** ভারতীয় নৌবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'এক্সিকিউটিভ (ইনফর্মেশন টেকনোলজি)'-তে কাজের জন্য 'অফিসার' পদে ১৮ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, সফটওয়্যার সিস্টেম, সাইবার সিকিউরিটি, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড নেটওয়ার্কিং, কম্পিউটার সিস্টেম অ্যান্ড নেটওয়ার্কিং, ডাটা অ্যানালিটিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স-এর এম.এসসি. / বি.ই. /বি.টেক. /এম.টেক. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বি.সি.এ. বা, কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.সি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২১-২০০০ থেকে ১-৭-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ১৮টি। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া প্রতি চোখে ৬/ ৬০, যা চশমা পড়ে ৬/ ৬ ৬/ ১২পর্যন্ত সংশোধনযোগ্য। শুরুতে ২ বছরের প্রবেশন। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে, ইঝিমালার ন্যাভাল অ্যাকাডেমিতে। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে : ৫৬১০০-১,১০,৭০০ টাকা। ১০ বছরের চাকরি, যা ১৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই করবে সার্ভিসেস সিলেকশন বোর্ড। দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কল লেটার' পাঠানো হবে। পরীক্ষা হবে বেঙ্গালউরু, ভোপাল, কোয়েম্বাটোর বা, বিশাখাপত্তনমে। ৫ দিনের এই পরীক্ষার প্রথম দিনে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও গ্রুপ ডিসকাশন। প্রথম দিনের পরীক্ষায় সফল না হতে পারলে দ্বিতীয় শ্রেণির ট্রেন ভাড়া দিয়ে ফেরৎ পাঠানো হবে। পরের ৪ দিন হবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। সফল হলে ৩-৪ দিনের ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Officer Entry-তে ক্লিক করে Apply Online-এ ক্লিক করলেই মূল ফর্ম পাবেন। তখন যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর অ্যাপ্লিকেশন নম্বর প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণ পত্রের মূল ও প্রিন্ট কপি নিয়ে যেতে হবে।

Opportunity for admission to B.Tech & B.Pharm, M.Tech & M.Pharm and MBA & MCA Degree Courses through Common Entrance Examination

» CEE-AMPAI-WB-2024
» CEE-AMPAI-MASTERS-WB-2024

Under the supervision Dept. of Higher Education, Technical Branch, Govt. of West Bengal
Vide Order No. No:- 235-Edn(T)/ DTED - 16016(11)/1/2021 issued by Department of Higher Education, Technical Branch, Govt. of WB

EXAMINATION DATE 18TH AUGUST 2024
LAST DATE OF ONLINE APPLICATION 14TH AUGUST 2024

Accreditations, Affiliations & Approvals: UGC NIRF AICTE PCI NAAC NBA MAKAUT (Formerly WBUT)
TEST FEE ₹ 200/- TO BE PAID ONLINE

| INSTITUTES UNDER AMPAI | COURSES OFFERED* |
|---|---|
| JIS COLLEGE OF ENGINEERING 86977 43363 \| www.jiscollege.ac.in | B.TECH \| M.TECH \| MBA \| MCA |
| NARULA INSTITUTE OF TECHNOLOGY 89024 96661 \| www.nit.ac.in | B.TECH \| M.TECH \| MCA |
| GURU NANAK INSTITUTE OF TECHNOLOGY 90733 22523 \| www.gnit.ac.in | B.TECH \| M.TECH \| MCA |
| DR. SUDHIR CHANDRA SUR INSTITUTE OF TECHNOLOGY & SPORTS COMPLEX (SURTECH) 62919 77707/08 \| www.surtech.edu.in | B.TECH \| M.TECH |
| GURU NANAK INSTITUTE OF PHARMACEUTICAL SCIENCE & TECHNOLOGY 94330 35582 \| www.gnipst.ac.in | B.PHARM \| M.PHARM |

*For courses & intake available in specific institutes, visit www.ampai.in

93309 06153 | 90733 70470

All information related to CEE-AMPAI-2024-WB & CEE-AMPAI-MASTERS-2024-WB is available on www.ampai.in along with Application Form, Eligibility Criteria, Information Brochure & Examination Schedule
SCAN HERE

GENEX SUPTENNDU GROUP
ট্রেনিং শেষে হাসপাতালে বা Health Sector-এ চাকরি সুনিশ্চিত করতে চান? ADMISSION GOING ON
পশ্চিমবঙ্গে মাত্র ২ লাখ টাকায় নার্সিং পড়ার শেষ সুযোগ!!

খুব কম খরচে ছেলেদের নার্সিং পড়ার সুযোগ
GNM (Male) মাত্র 3.5 লাখ টাকায়
LAKSHMI NURSING INSTITUTE
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

খুব কম খরচে মেয়েদের নার্সিং পড়ার সুযোগ
GNM (Female) মাত্র 2 লাখ টাকায়
BASUDEB NURSING ACADEMY
Affiliated By : W.B.N.C. / Recognised By : I.N.C

কম খরচে ফার্মেসি পড়ার সুযোগ D.PHARMA
Genex College of Pharmaceutical Science & Technology
Affiliated by WBSCTVE & SD Approved by PCI

Address: Sugandha, Hooghly-712102 (5 minutes from Chinsurah Station)
9748305453, 8335083933, 8100613849, 8335063512

## ব্যাঙ্কে ৪,৪৫৫ প্রবেশারি অফিসার

১ পাতার পর

প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : (১) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া : ৮৮৫টি (জেনাঃ ৩৬১, তঃজাঃ ১৩২, তঃউঃজাঃ ৬৬, ও.বি.সি. ২৩৮, ই.ডব্লু.এস. ৮৮)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৯, অস্থি প্রতিবন্ধী ৯, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৮, আই.ডি. ৯)। (২) কানাড়া ব্যাঙ্ক : ৭৫০টি (জেনাঃ ৩৮০, তঃজাঃ ৯০, তঃউঃজাঃ ৪৫, ও.বি.সি. ১৬০, ই.ডব্লু.এস. ৭৫)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৭, অস্থি প্রতিবন্ধী ৮, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৮, আই.ডি. ৭)। (৩) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া : ২,০০০টি (জেনাঃ ৮১০, তঃজাঃ ৩০০, তঃউঃজাঃ ১৫০, ও.বি.সি. ৫৪০, ই.ডব্লু.এস. ২০০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ২০, অস্থি প্রতিবন্ধী ২০, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২০, আই.ডি. ২০)। (৪) ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্ক : ২৬০টি (জেনাঃ ৯০, তঃজাঃ ৪২, তঃউঃজাঃ ২২, ও.বি.সি. ৮৪, ই.ডব্লু.এস. ২২)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ৭, অস্থি প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, আই.ডি. ৬)। (৫) পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক : ২০০টি (জেনাঃ ৮১, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫৪, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ২, অস্থি প্রতিবন্ধী ২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ২, আই.ডি. ২)। (৬) পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক : ৩৬০টি (জেনাঃ ১২৪, তঃজাঃ ৬৩, তঃউঃজাঃ ৩৪, ও.বি.সি. ১০৯, ই.ডব্লু.এস. ৩০)। এর মধ্যে বধির প্রতিবন্ধী ১৭, অস্থি প্রতিবন্ধী ৩, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৪, আই.ডি. ১১)।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে অক্টোবর মাসে। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হাওড়া, দুর্গাপুর, আসানসোল, হুগলি, কল্যাণী। অসমের ডিব্রুগড়, গুয়াহাটি, জোড়হাট, শিলচর, তেজপুর। বিহারের ভাগলপুর, দ্বারভাঙা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া, সমস্তিপুর, গয়া, আরা, ঔরঙ্গাবাদ। ঝাড়খণ্ডের বোকারো স্টিল সিটি, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। ওড়িশার বালাশোর, বেরহামপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেল্লা, সম্বলপুর। সিকিমের বারডাং /গ্যাংটক। ত্রিপুরার আগরতলা। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ-৩০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। কল লেটার ডাউনলোড করতে পারবেন অক্টোবরে। প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে অক্টোবর-নভেম্বরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা। মেন পরীক্ষা হবে নভেম্বরে, আসানসোল, গ্রেটার কলকাতা, কল্যাণী, শিলিগুড়িতে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৫৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড-৬০ নম্বরের ৪৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪০ মিনিট। (৩) জেনারেল /ইকনমি /ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৪) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন -৬০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট।

এছাড়াও ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) পেপারে ২৫ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩০ মিনিট।

প্রশ্ন হবে ইংরিজিতে। মেন পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন নভেম্বরে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষার ফল বেরোবে ডিসেম্বরে। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউ হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। কল লেটার ডাউনলোড করতে পারবেন জানুয়ারিতে। ইন্টারভিউয়ে ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ের নম্বর যোগ করে অর্থাৎ, ৮০: ২০ অনুপাতে কম্বাইন্ড ফাইনাল স্কোর তৈরি হবে। তখন প্রভিশনাল অ্যালোটমেন্ট করা হবে এপ্রিলে। ইন্টারভিউয়ের সময় নীচের এইসব প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত নকল নিয়ে যাবেন : (১) ইন্টারভিউয়ের কল লেটার, (২) সিস্টেম জেনারেটেড অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম, (৩) মাধ্যমিকের সার্টিফিকেট, (৪) ফটো আইডেন্টিটি কার্ড, (৫) শিক্ষাগত যোগ্যতার যাবতীয় মার্কশীট ও সার্টিফিকেট, (৬) কাস্ট সার্টিফিকেট, (৭) প্রতিবন্ধীরা দেবেন ডাক্তারি সার্টিফিকেট, (৮) প্রাক্তন সমরকর্মীরা দেবেন যথাবিহিত সার্টিফিকেট, (৯) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার 'কল লেটার' শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। লিখিত পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট /এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাশপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

তপশিলী, প্রতিবন্ধী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে সেপ্টেম্বরে, কলকাতা, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, ধানবাদ, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ অন্যান্য শহরে। এজন্য দরখাস্ত করার সময় সংশ্লিষ্ট কলম পূরণ করবেন। প্রি-এক্সামিনেশন ট্রেনিংয়ের কল লেটার ডাউনলোড করতে পারবেন সেপ্টেম্বরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব বিষয় নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের ফটো (৪.৫×৩.৫ সেমি) ও নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। ২০০ ডি.পি.আই.তে জে.পি.ই.জি., জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করবেন। সিগনেচারের মাপ হতে হবে ১৪০×৬০ পিক্সেল (১০-২০ কে.বি.) আর ফটোর মাপ হতে হবে ২০০×২৩০ পিক্সেল (২০-৫০ কে.বি.)।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। এবার যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা মাস্টার কার্ড / ভিসা ডেবিট, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর রেজিস্ট্রেশন হয়ে যাবে ও রেজিস্ট্রেশন নম্বর আর পাশওয়ার্ড পাবেন। আর 'e-receipt' পাবেন। যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৮৯৬ অফিসার

১ পাতার পর

পরীক্ষা দিয়ে চাকরির সুযোগ পেতে পারবেন। এই পদ্ধতিতে নিয়োগ হবে এই ৩টি ব্যাঙ্কে : (১) ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, (২) কানাড়া ব্যাঙ্ক, (৩) ইউকো ব্যাঙ্ক। কারা কোন পদের জন্য যোগ্য :

**আই.টি. অফিসার (স্কেল-।)** : কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'ডোয়েক' থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 01. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : **ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে ২০টি** (জেনাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১৫০টি** (জেনাঃ ৬২, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৪০, ই.ডব্লু.এস. ১৫)।

**অ্যাগ্রিকালচার ফিল্ড অফিসার (স্কেল-।)** : অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, অ্যাগ্রি. ইঞ্জিনিয়ারিং, ফিশারি সায়েন্স, পিসিকালচার বা, অ্যাগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং বা, অ্যাগ্রো ফরেস্ট্রি, ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বায়োটেকনোলজি, ফুড সায়েন্স, অ্যাগ্রিকালচারাল বিজনেস ম্যানেজমেন্ট, ফুড টেকনোলজি, ডেয়ারি টেকনোলজি, সেরিকালচার, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 02. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৩১০টি** (জেনাঃ ১২৭, তঃজাঃ ৪৬, তঃউঃজাঃ ২৩, ও.বি.সি. ৮৩, ই.ডব্লু.এস. ৩১)। **ইউকো ব্যাঙ্কে ৩৬টি** (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)।

**ল অফিসার (স্কেল-।)**: আইনের ডিগ্রি (এলএল.বি.) কোর্স পাশরা বার কাউন্সিলে অ্যাডভোকেট হিসাবে নাম নথিভুক্ত থাকলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 04. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : **ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় ৫টি** (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। **কানাড়া ব্যাঙ্কে ৫টি** (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। **ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্কে ১৫টি** (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১০০টি** (জেনাঃ ৪১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)।

**এইচ. আর. / পার্সোনেল অফিসার (স্কেল-।)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, এইচ.আর. / এইচ.আর.ডি., সোশ্যাল ওয়ার্ক, লেবার ল'র পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 05. কোন ব্যাঙ্কে ক'টি শূন্যপদ : **ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ১০টি** (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ১৫টি** (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**মার্কেটিং অফিসার (স্কেল-।)**: যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এম.বি.এ. (মার্কেটিং) কিংবা স্পেশালাইজেশন হিসাবে মার্কেটিং বিষয় নিয়ে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা, বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, পি.জি.পি.এম., পি.জি.ডি.এম. কোর্স পাশ হলে আবেদনের যোগ্য। চাকরি হবে স্কেল-।'এ। পোস্ট কোড : 06. **ইন্ডিয়ান ওভারসীজ ব্যাঙ্কে ৫টি** (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। **পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২০০টি** (জেনাঃ ৮১, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৫৪, ই.ডব্লু.এস. ২০)।

বয়স হতে হবে ১-৮-২০২৪'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় ভিত্তিতে প্রিলিমিনারি পরীক্ষা হবে নভেম্বরে। পরীক্ষা হবে পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গের গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, হুগলি, কল্যাণী, আসানসোল, দুর্গাপুর। সিকিমের গ্যাংটক, ত্রিপুরার আগরতলা, ওড়িশার বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, ঢেঙ্কানল, রৌরকেলা, সম্বলপুর। ঝাড়খণ্ডের বোকারো, ধানবাদ, জামশেদপুর, হাজারিবাগ, রাঁচি। বিহারের ভাগলপুর, দ্বারভাঙ্গা, মজঃফরপুর, পটনা, পূর্ণিয়া। অসমের গুয়াহাটি, শিলচর, তেজপুর, জোড়হাট, ডিব্রুগড়।

আই.টি. অফিসার, অ্যাগ্রিকালচারাল ফিল্ড অফিসার, এইচ. আর. / পার্সোনেল অফিসার ও মার্কেটিং অফিসার স্কেল-। পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২৫ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

ল' অফিসার পদের বেলায় প্রিলিমিনারি অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ- ২৫ নম্বরের ৫০টি প্রশ্ন। (৩) জেনারেল অ্যাওয়ারনেস (স্পেশাল রেফারেন্স ব্যাঙ্কিং ইন্ডাস্ট্রি)- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় পেশাগত জ্ঞানের ওপর ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন হবে। সময় ৪৫ মিনিট।

ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয় ছাড়া অন্যান্য সব পেপারের বেলায় প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য কল লেটার ডাউনলোড করার সময় ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন কিংবা ইনফর্মেশন হ্যান্ডআউট থেকে জানতে পারবেন। প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। একটি প্রশ্নের উত্তরে একাধিক জায়গায় টিক মারলে সেই প্রশ্নটি ভুল হিসাবে ধরা হবে ও টিক মারা উত্তরের মধ্যে কোনোটি ঠিক মনে হলে পেনাল্টি হিসাবে প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। তবে কোনো প্রশ্নের উত্তর না করলে কোনো পেনাল্টি কাটা হবে না।

লিখিত পরীক্ষায় প্রতিটি পার্টে ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

লিখিত পরীক্ষার 'কল লেটার' ডাকে পাঠানো হবে না। শুধুমাত্র ওপরের ওই ওয়েবসাইট থেকে কল লেটার ও ইনফর্মেশন হ্যান্ডআউট ডাউনলোড করতে পারবেন অক্টোবরে। পরীক্ষার সময় টাকা জমা দেওয়ার প্রমাণপত্র (ই-রিসিপ্ট/ এন.ই.এফ.টি. পেমেন্ট রিসিপ্ট) নিয়ে যাবেন। এছাড়া ফটো সাঁটা কোনো প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত করা জেরক্স কপি (প্যান কার্ড, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, ব্যাঙ্ক পাশবুক) নিয়ে যাবেন।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হবে নভেম্বর-ডিসেম্বরে। মেন পরীক্ষা হবে ডিসেম্বরে ও কল লেটার ডাউনলোড করতে পারবেন ডিসেম্বরে। ফল বেরোবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। ১০০ নম্বরের ইন্টারভিউ হবে ফেব্রুয়ারি-মার্চে। ৪০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। এরপর সফলদের নাম অ্যালটমেন্ট করা হবে এপ্রিলে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps.in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। (২) পাসপোর্ট মাপের ফটো, নিজের সই (সিগনেচার) আর লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করা থাকতে হবে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Common Written Examination'এ ক্লিক করলে পুরো বিজ্ঞাপনটি পাবেন। তাতে Click here to apply online for CWE-Specialist officer (CRP-SPL-XI V)'এ ক্লিক করলে অনলাইন অ্যাপ্লিকেশন ফর্ম দেখতে পাবেন। ওই ফর্মের যাবতীয় কলম ঠিকভাবে পূরণ করবেন, স্ক্যান করা ফটো ও সই আপলোড করবেন (ফটো ও সই সি.ডি. করে কিংবা পেন ড্রাইভে নিয়ে যাবেন)।

এবার পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা দেবেন শুধুমাত্র অনলাইনে মাস্টার / ভিসা ডেবিট বা, ক্রেডিট কার্ডে কিংবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইন ট্রানজাকশন সম্পূর্ণ হলে রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন। তখন ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। টাকা জমা দিতে পারবেন ২১ আগস্টের মধ্যে। নাম রেজিস্ট্রেশন হওয়ার পর ই-মেল বা, মোবাইলে এস.এম.এস. মারফত রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড পাবেন।

## ১৯৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, সার্ভেয়র, এ.সি. অ্যান্ড রেফ্রিজারেশন মেশিন, ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকটর), কার্পেন্টার, প্লাম্বার, হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট, ইন্সট্রুমেন্ট মেকানিক, সোলার টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান)।

মাধ্যমিক পাশরা 'মেট (মাইন্স)' ও 'ব্লাস্টার (মাইন্স)' ট্রেডের জন্য যোগ্য। মেট (মাইন্স) ট্রেড ৩ বছরের। শূন্যপদ : ২০টি (জেনা : ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। ব্লাস্টার (মাইন্স) ট্রেড ২ বছরের। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক, ফিটার, টার্নার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, ড্রাফটসম্যান (সিভিল), ড্রাফটসম্যান (মেকানিক্যাল), কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, সার্ভেয়র, এ.সি. অ্যান্ড রেফ্রিজারেশন মেশিন, ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকটর), কার্পেন্টার, প্লাম্বার, হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট, ইনস্ট্রুমেন্ট মেকানিক্স, সোলার টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ১ বছরের ট্রেনিং। শূন্যপদ : ডিজেল মেকানিক ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। ফিটার ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। টার্নার ১৬টি (জেনাঃ ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১৬টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। ইলেক্ট্রিশিয়ান ৩৬টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩)। ড্রাফটসম্যান (সিভিল) ৪টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ৩টি (তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১৪টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। সার্ভেয়র ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এ.সি. অ্যান্ড রেফ্রিজারেশন মেশিন ২টি (জেনাঃ)। ম্যাসন (বিল্ডিং কনস্ট্রাকটর) ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। কার্পেন্টার ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। প্লাম্বার ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। ইন্সট্রুমেন্ট মেকানিক্স ৪টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। সোলার টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

বয়স হতে হবে ১-৮-২০২৪'র হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ২০২১ সালের আগে পাশ হলে নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে ম্যাজিস্ট্রেট বা, নোটারি পাব্লিককে দিয়ে অ্যাভিডেফিট করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : HCL/MCP/HR/Trade App./2024. Date: 29.07.2024.

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। মেধা তালিকা বেরোবে ২৮ আগস্ট।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ২০ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.hindustancopper.com

## সিইই এএমপিএআই (CEE AMPAI) পরীক্ষা

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** দি অ্যাসোসিয়েশন অফ মাইনরিটি প্রফেশনালএকাডেমিক ইন্সিটিউট(AMPAI)৯ম CEE AMPAI & CEE AMPAI Masters পরীক্ষার দিন ঘোষণা করল। CEE AMPAI এর আহবায়ক বিদ্যুৎ মজুমদার জানান, পূর্ব ভারতের ১৩টি কেন্দ্রে এই পরীক্ষা হবে ১৮ আগস্ট। অফলাইনে জাতীয় স্তরের পরীক্ষা নেওয়া হবে কলকাতা, উত্তর ২৪ পরগনা, মালদহ, আসানসোল, মেদিনীপুর, শিলিগুড়ি, পটনা, রাচি, আগরতলা ও নতুন কেন্দ্র অসমের গুয়াহাটি। যে কোনো স্বীকৃত বোর্ড থেকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক (১০+২)পাশরা যোগ্য। বয়স হতে হবে ৩১ ডিসেম্বর ২০২৪-এর হিসাবে অন্তত ১৭ বছর। অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে। এ ছাড়াও এই পরীক্ষার মাধ্যেম ৪ বছরের বি টেক, বি ফার্ম, এমবিএ, এমসিএ, এমটেক, এম ফার্ম পড়ার সুযোগ পাওয়া যাবে রাজ্যের এই ৫ সেরা কলেজে: জেআইএস কলেজ অফ ইঞ্জিনিয়ারিং, নারুলা ইন্সটিটিউট অফ টেকনোলজি, গুরু নানক ইন্সিটিউট অফ টেকনোলজি, ডা.সুধীর চন্দ্র সুর ইন্সটিটিউট অফ টেকনোলজি আর গুরু নানক ইন্সটিটিউট অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি। পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ শিক্ষা দপ্তরের তত্ত্বাবধানে পরীক্ষা হবে। পরীক্ষার ফল বেরোনোর পর শিক্ষার্থীরা নানা বিষয়ে ওই সব কলেজে অফলাইন কাউন্সেলিংয়ের মাধ্যমে ভরতি হতে পারেন।

প্রাথমিকভাবে এই CEE AMPAI পরীক্ষা শিখ সম্প্রদায়ের ছেলেমেয়েদের জন্য কিন্তু আসন পূর্ন না হলে অন্য সম্প্রদায়ের মাধ্যেম ভর্তি করা হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে:www.ampai.in

## S.R.B. কোর্সে ভর্তি চলছে

বর্তমান সময়ে রাজ্য সরকারের চাকরিতে এক চরম অনিশ্চয়তা লক্ষ্য করা যাচ্ছে। তাই আমাদের রাজ্যের ছেলেমেয়েরা বেশি ঝুঁকছে বিভিন্ন কেন্দ্রীয় সরকারি চাকরিতে। তাই আমরা আয়োজন করেছি এই S.R.B. (SSC, Rail, Bank) কোর্সটির। এই কোর্সটি করলে CGL, CHSL, MTS, GD (কনস্টেবল), রেল NTPC, ASM, JE, ALP, ব্যাঙ্ক ক্লার্ক, P.O. প্রভৃতি পরীক্ষায় বসা সম্ভব।

বর্তমানে তীব্র প্রতিযোগিতার যুগে চূড়ান্ত পেশাদারি মনোভাব ছাড়া এসকল সর্বভারতীয় পরীক্ষায় সফল হওয়া একপ্রকার অসম্ভব। আমাদের প্রতিষ্ঠানের 30-35 বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টিগণ সুনিপুণ দক্ষতার সঙ্গে প্রতিটি ক্লাস নিয়ে চলেছেন এবং প্রতিটি ছাত্রছাত্রীকে তাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দিতে পেরেছেন। খবরে প্রকাশ, নিত্যনতুন গজিয়ে ওঠা অসংখ্য আনকোরা প্রতিষ্ঠানের অনভিজ্ঞ শিক্ষকদের পাল্লায় পড়ে অনেক ছাত্রছাত্রীর মূল্যবান ভবিষ্যৎ নষ্ট হতে বসেছে। মনে রাখতে হবে, সোশ্যাল মিডিয়ার ঝলক কখনোই প্রকৃত প্রস্তুতিকে সার্থক করতে পারে না। 'হবে না' — এই মন্ত্রকে 'হবেই' — এই মন্ত্রে উন্নীত করতে পারে কেবল কঠোর পরিশ্রমই। আর আপনাদের পরিশ্রম যথার্থ সঙ্গত দিতে তৈরি 'টিম ক্যাসেস'। বিস্তারিত জানতে যোগাযোগ করুন : CACES, 35, APC Road, Kol-9, Ph: 9123325910 / 9038009570

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৬০০/- টাকা~~ ৩০০/- টাকা
সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান

## সামাজিক কাজে আগ্রহ থাকলে একটি কর্মমুখী কোর্স হতে পারে নার্সিং



চন্দ্রাণী চক্রবর্তী
প্রিন্সিপ্যাল



উচ্চমাধ্যমিক পরীক্ষার পর কী নিয়ে পড়াশোনা করলে আকর্ষণীয় কেরিয়ার গড়তে পারবেন এ চিন্তা যেমন অভিভাবক ও অভিভাবিকাদের, তেমনই ছেলেমেয়েদেরও। 'করোনা' পরবর্তী সময়, বর্তমান ও ভবিষ্যতের সুন্দর স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তুলতে নার্সদের সংখ্যা বাড়িয়ে তোলা একান্তই প্রয়োজন। তাই এই পেশার ভবিষ্যৎ খুবই উজ্জ্বল। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল, ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল, স্বাস্থ্য ভবন, ওয়েস্ট বেঙ্গল হেলথ সায়েন্স ইউনিভার্সিটি দ্বারা স্বীকৃত একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান 'গকুল ইনস্টিটিউট অফ নার্সিং'। ২০২১ সালে মধ্যমগ্রামে এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয়। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী ও আধুনিক লাইব্রেরির সুবিধা। এখানকার শিক্ষকমণ্ডলী নিরলস পরিশ্রম করে মেয়েদের পেশাদার ও দক্ষ নার্স তৈরির প্রচেষ্টায় রত। এছাড়াও এই প্রতিষ্ঠানটির ১০টিরও বেশি সরকারি ও বেসরকারি হাসপাতালের সঙ্গে সমঝোতা চুক্তি রয়েছে। নিয়মিত ক্লাস, প্র্যাকটিক্যাল, নিয়মানুবর্তিতা এবং সর্বোপরি মানুষের সঙ্গে সুমিষ্ট ব্যবহার — এই সবই পাথেয় করে আমরা এগিয়ে চলেছি। এখান থেকে পাশ করা মেয়েদের কলকাতার বিভিন্ন নামকরা হাসপাতালগুলিতে নিয়োগের সুযোগ সুনিশ্চিত করতে আমরা বদ্ধ পরিকর। ২০২৪-'২৫ শিক্ষাবর্ষে নীচের এইসব কোর্সে ভর্তি চলছে — জি.এন.এম, শিক্ষাগত যোগ্যতা : উচ্চমাধ্যমিক / 10 + 2. যেকোনো বিজ্ঞান, কলা বা সায়েন্স, সময়- ৩ বছর। বি.এস.সি. নার্সিং, শিক্ষাগত যোগ্যতা — উচ্চমাধ্যমিক / 10 + 2 বিজ্ঞান বিভাগ JENPAS পরীক্ষায় যাঁরা বসেছেন। সময়সীমা : ৪ বছর। ভর্তি হতে অথবা আরো বিস্তারিত জানতে যোগাযোগ করুন : গকুল ইনস্টিটিউট অফ নার্সিং, দিগবেড়িয়া, মধ্যমগ্রাম, কলকাতা- ৭০০১২৯। ফোন : ৯৮৩৬৬৫২৪২৩। ওয়েবসাইট : www.gokulnursing.org

## হোটেল ম্যানেজমেন্ট পড়ার স্বপ্ন দেখেন? বিনামূল্যে ১০ হাজার নিয়োগের ট্রেনিং

**হসপিটালিটি ম্যানেজমেন্টের বিভিন্ন পদে ১০ হাজার কর্মসংস্থানের জন্য ট্রেনিং শুরু হয়েছে 'অ্যাসেন্সিভ এডুকেয়ার' এর বিভিন্ন শাখায়। এই উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক ও ব্যবস্থাপনা ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি স্কিল কাউন্সিল। এই ট্রেনিং দেওয়া হবে পুরোপুরি বিনামূল্যে ও ট্রেনিংয়ের পরে যোগ্য প্রার্থীদের চাকরি নিশ্চিত করতে চায় সরকার।**

পাঁচতারা হোটেলের মায়াবী আলোছায়ায় নিজেকে ব্যস্ত দেখতে অনেকেই আগ্রহী। কল্পনায় দেখেন ঝাঁ চকচকে হোটেলের ফ্রন্ট ডেস্ক বা রিসেপশনে সুসজ্জিত হয়ে দাঁড়িয়ে আছেন আপনি। অথবা ব্যস্ত পায়ে অতিথিদের স্বাগত জানাচ্ছেন রেস্তোঁরায়। কিংবা দুধ সাদা শেফের পোশাকে তৈরি করে চলেছেন একের পর এক সুস্বাদু পদ। এই জগতে একটা চাকরির স্বপ্ন অনেকেই দেখেন। কিন্তু যথাযথ ট্রেনিং না নিলে এই দুনিয়ায় প্রবেশ প্রায় নিষিদ্ধ। এই ট্রেনিংকে সাধারণভাবে হসপিটালিটি বা হোটেল ম্যানেজমেন্ট ট্রেনিং বলা হয়। তবে এই ট্রেনিং নিতে যে বিপুল খরচ, তা হয়তো অনেকেরই সাধ্যের মধ্যে থাকে না। সেই অসুবিধারই সমাধান করা হয়েছে নতুন এই কর্মসূচিতে। হসপিটালিটি ইন্ডাস্ট্রির প্রসার বিশ্বজোড়া। এখানে প্রতিষ্ঠানের সংখ্যা যেমন, তেমনই রয়েছে চাকরির অজস্র সুযোগ। সবথেকে বড় কথা, এই ইন্ডাস্ট্রি ক্রমাগতই বেড়ে চলেছে। ফলে, এখানে বাড়ছে নানা পদে বিভিন্ন ধরনের চাকরি। আগে বুঝে নেওয়া যাক, হসপিটালিটি ইন্ডাস্ট্রি বলতে কী বোঝায়। হসপিটালিটি ইন্ডাস্ট্রি হল পরিষেবা-ভিত্তিক শিল্প। এই ইন্ডাস্ট্রি বা শিল্পের মধ্যে পড়ে হোটেল, রিসোর্ট, রেস্তোঁরা, ক্যাটারিং, ইভেন্ট পরিকল্পনা ও পরিচালনা, থিম পার্ক, ভ্রমণ ও পর্যটনের মতো একাধিক বিষয়। ফলে, যে শিল্পের আওতায় এতগুলি বিষয় পড়ে, সেই ইন্ডাস্ট্রিতে যে চাকরির সুযোগ অনেক সে কথা আমরা সবাই বুঝতে পারছি। আর একটি উল্লেখযোগ্য ঘটনা হল, গত ১০ বছরে ভারতে এই শিল্পের বিস্তার হয়েছে ১০০% বা দ্বিগুণেরও বেশি। পর্যটকের সংখ্যা দ্বিগুণ হওয়ায় পাল্লা দিয়ে বেড়েছে হোটেলের সংখ্যা, রুম ক্যাপাসিটি ও বিনিয়োগ। বাস্তব এই চিত্রের নিরিখে সহজেই অনুমান করা যায়, এই শিল্পে চাকরির সুযোগ অজস্র। তাছাড়া, এই শিল্পে মহিলাদের কর্মসংস্থানের সুযোগ এখন অনেকে বেড়েছে। এবার জেনে নেওয়া যাক, এই শিল্পে চাকরি পেতে হলে কী ধরনের ট্রেনিং কোথায় নেওয়া যায় ও কত খরচ লাগে ও সেক্ষেত্রে 'অ্যাসেন্সিভ এডুকেয়ার' কী সুবিধা দিচ্ছে।

**প্রশিক্ষণ কেন্দ্র : উত্তরপাড়া, আমতলা, চন্দননগর, বারাসাত, আরামবাগ, কান্দি, হলদিবাড়ি, কাকদ্বীপ, বারুইপুর ও চন্দ্রকোনা।**

**যোগাযোগ : 8583881483 / soumen.r@aimetr.com অথবা 8910009690 / somnath.operations@aimetr.com**

সাধারণভাবে ভারতের যেকোনো রাজ্যে হোটেল ম্যানেজমেন্ট পড়ার ফি ২ লাখ থেকে ৬ লাখ টাকার কাছাকাছি। তার সঙ্গে রয়েছে আরও অন্যান্য খরচ। তাছাড়া নামি প্রতিষ্ঠানগুলিতে ডিগ্রি কোর্সে ভর্তি হতে গেলে উচ্চমাধ্যমিক পরীক্ষায় খুব ভালো রেজাল্ট ও ৩ বছর সময় দেওয়া দরকার। অনেক ছেলেমেয়েদের কাছে এত টাকা খরচ করা বা চাকরি পাওয়ার আগে বিনা রোজগারে এত সময় খরচ করা অসুবিধার। এই সব অসুবিধারই সমাধান করেছে অ্যাসেন্সিভ এডুকেয়ার। সেক্ষেত্রে অ্যাসেন্সিভ এডুকেয়ারের এই ট্রেনিং দেওয়া হবে পুরোপুরি বিনামূল্যে ও তা সরকার স্বীকৃত। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। মহিলাদের জন্যও রয়েছে অজস্র কাজের সুযোগ এবং ট্রেনিংয়ের ব্যবস্থা। ৬ মাসের এই ট্রেনিং -এর পর যোগ্য প্রার্থীদের প্লেসমেন্টের ব্যবস্থাও অ্যাসেন্সিভ এডুকেয়ারের তরফ থেকেই করা হবে। পশ্চিমবঙ্গের ১০ টি কেন্দ্রে এই প্রশিক্ষণ চলছে। কেন্দ্রগুলি হল উত্তরপাড়া, আমতলা, চন্দননগর, বারাসাত, আরামবাগ, কান্দি (মুর্শিদাবাদ), হলদিবাড়ি (কোচবিহার), কাকদ্বীপ, বারুইপুর ও চন্দ্রকোনা রোড। ফোনে বা ই-মেলে এখনই যোগাযোগ করতে পারেন।

# একঝলক
## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২৮ মে :** নিষিদ্ধ জঙ্গিগোষ্ঠীর তালিকা থেকে আফগান-শাসক তালিবানের নাম সরাচ্ছে রাশিয়া। আফগান-ই-স্তানের সরকার পরিচালনার ৩ বছর পরই এমন সিদ্ধান্ত নিল রাশিয়া। ২০২১ সালে আফগান-ই-স্তানের মসনদ দখল করে তালিবান। এখন 'ইসলামিক এমিরেটস অফ আফগান-ই-স্তান' নামে আফগান-ই-স্তানের সরকারকে স্বীকৃতি দিচ্ছে রাশিয়া। এই পদক্ষেপের ফলে রাশিয়া ও আফগান-ই-স্তানের মধ্যে কূটনৈতিক সম্পর্ক আরও জোরদার হতে চলেছে বলে মনে করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৩ সালের শেষে নিষিদ্ধ জঙ্গি সংগঠনের তালিকা থেকে তালিবানের নাম সরিয়ে দিয়েছে কাজাখ-ই-স্তান।

**২৯ মে :** ওমানে প্রথম বিদেশি প্রকল্প চালু করল 'ন্যাশনাল আর্কাইভস অফ ইন্ডিয়া'। ওমানে, ভারতীয় প্রবাসীদের নথিগুলিকে ডিজিটাইজড ও সংরক্ষণ করে রাখতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এটির নাম 'দ্য ওমান কালেকশন-আর্কাইভাল হেরিটেজ অফ দ্য ইন্ডিয়ান কমিউনিটি ইন ওমান'। ১৯ মে থেকে ২৭ মে পর্যন্ত চলে এই প্রকল্পটি, যেখানে ওমানে পুরনো ভারতীয় বণিক পরিবারের মৌখিক ইতিহাস ও তাদের ঐতিহাসিক নথিগুলি সফলভাবে নথিভুক্ত করা হয়েছে, যা ওমানে ভারতীয় সম্প্রদায়ের সমৃদ্ধ ঐতিহ্য ও অবদানকে প্রদর্শন করে। ভারতীয় বণিক পরিবারের ব্যক্তিগত সংগ্রহ থেকে ইংরিজি, আরবি, গুজরাতি ও হিন্দিতে ৭ হাজারেরও বেশি নথি স্ক্যান ও ডিজিটাইজ করা হয়েছে এখানে, যেখানে সবথেকে প্রাচীনতম নথিটি ছিল ১৮৩৮ সালের।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের 'মেজর লিগ ক্রিকেট'কে 'লিস্ট-এ' তকমা দিল 'আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা'। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের ঘরোয়া ফ্র্যাঞ্চাইজি টোয়েন্টি-২০ লিগ। ২০২৩ সালের ডিসেম্বরে সংযুক্ত আরব আমিরশাহীতে 'ইন্টারন্যাশনাল লিগ টি-২০'কে প্রথমবার লিস্ট-এ ক্রিকেটের মর্যাদা দেওয়া হয়েছিল। আর এবার আইসিসি'র সহযোগী সদস্য দেশের মধ্যে দ্বিতীয় টুর্নামেন্ট হিসাবে মেজর লিগ ক্রিকেটকেও একই মর্যাদা দিল আইসিসি। ফলে, বিশ্বের বিভিন্ন শক্তিশালী ক্রিকেট খেলিয়ে দেশের ক্রিকেটাররা যেমন এই লিগে খেলতে উৎসাহিত হবেন, তেমনভাবেই উৎসাহিত হবেন স্পন্সররাও।

**৩০ মে :** সাধারণ বায়ুমণ্ডলীয় চাপে ও কোনো স্টার্টার (বীজ) রত্ন ছাড়াই হীরে তৈরির এক যুগান্তকারী কৌশল আবিষ্কার করলেন দক্ষিণ কোরিয়ার বিজ্ঞানীরা। এই প্রক্রিয়ায় পরীক্ষাগারে মাত্র ১৫ মিনিটের মধ্যে এই মূল্যবান রত্নটি তৈরি করা যাবে। দক্ষিণ কোরিয়ার 'ইনস্টিটিউট ফর বেসিক সায়েন্স'এর ভৌতরসায়নবিদ রডনি রুফের নেতৃত্বে এই গবেষণাটি করা হয়েছে, যা 'নেচার' জার্নালে প্রকাশিত হয়েছে। প্রাথমিকভাবে একটি গ্রাফাইট ক্রুসিবলে (ধাতু গলানোর পাত্রে) কিছু সিলিকন-সহ বৈদ্যুতিকভাবে উত্তপ্ত গ্যালিয়াম ব্যবহার করেছিলেন গবেষকরা। সমুদ্র স্তরের বায়ুমণ্ডলীয় চাপে নিজেদের তৈরি চেম্বারে ক্রুসিবলটিকে রাখেন গবেষকরা। যার মধ্য দিয়ে অনেক উত্তপ্ত কার্বন সমৃদ্ধ মিথেন গ্যাস প্রবেশ করানো যায়। পরীক্ষার মাধ্যমে গবেষকরা দেখেন যে, গ্যালিয়াম, নিকেল ও ইস্পাতের সঙ্গে এক চিমটি সিলিকন মিশিয়ে যে অনুঘটক তৈরি হয়, তা হীরে তৈরির জন্য সর্বোত্তম উপাদান। এসব উপাদানের সংমিশ্রণে ক্রুসিবল থেকে ১৫ মিনিটের মধ্যে হীরে সংগ্রহ করেন গবেষকরা। আর দুই থেকে আড়াই ঘন্টার মধ্যে একটি সম্পূর্ণ ফিল্ম বা, ঝিল্লি তৈরি হয়। তবে, এই পদ্ধতিতে তৈরি হীরেগুলির আকার অনেক ছোট হয়। তাই এগুলি গয়না তৈরিতে ব্যবহারের জন্য উপযোগী নয়।

**৩১ মে :** ২০২৩ সালে রাষ্ট্রসঙ্ঘের 'মিলিটারি জেন্ডার অ্যাডভোকেট অফ দ্য ইয়ার' পুরস্কার পেলেন ভারতীয় সেনাকর্মী মেজর রাধিকা সেন। রাষ্ট্রসঙ্ঘের শান্তিসেনা হিসাবে মহিলা ও নাবালিকাদের অধিকার প্রতিষ্ঠার ব্যাপারে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকাই হল এই স্বীকৃতি। তাঁকে এই পুরস্কার দিয়েছেন রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। মেজর সুমন গাওয়ানির পর, দ্বিতীয় ভারতীয় শান্তিরক্ষী হিসাবে এই সম্মানজনক পুরস্কার পেলেন রাধিকা সেন। ২০২৩ সালে রাষ্ট্রসঙ্ঘের শান্তিসেনার সদস্য হিসাবে কঙ্গোয় দায়িত্বে ছিলেন রাধিকা।



**একই মরসুমে দু'বার 'মাউন্ট এভারেস্ট' ও মাউন্ট লোৎসে' পর্বত আরোহণ করে ইতিহাস গড়লেন ভারতীয় পর্বতারোহী সত্যদীপ গুপ্ত। তিনিই হলেন প্রথম ভারতীয়, যিনি 'মাউন্ট এভারেস্ট' (৮,৮৪৯ মিটার) থেকে 'মাউন্ট লোৎসে' (৮,৫১৬ মিটার) যেতে ১১ ঘন্টা ১৫ মিনিট সময় নিয়ে একটি রেকর্ড গড়েছেন। ২৭ মে দুপুরে মাউন্ট লোৎসে জয় করেন সত্যদীপ। এরপর মধ্যরাত ১২.৪৫ মিনিটে মাউন্ট এভারেস্ট জয় করেন তিনি। তাঁর সঙ্গে ছিলেন পাসতেম্বা ও নিমা উংগদি শেরপা।**

**১ জুন :** 'স্টাফ সিলেকশন কমিশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন রাকেশ রঞ্জন।

❑ এবছর 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র তরফ থেকে, 'নেলসন ম্যান্ডেলা হেলথ প্রোমোশন পুরস্কার' পেল বেঙ্গালউরুর 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস'। ভারতের শীর্ষ মানসিক স্বাস্থ্য কেন্দ্র হিসাবে পরিচিত এই নিমহানস। জেনেভায় ৭৭ তম 'বিশ্ব স্বাস্থ্য সমাবেশ'এ এই পুরস্কার দেওয়া হয়েছে। 'নিমহানস'এর ডিরেক্টর ড.প্রতিমা মূর্তি এই পুরস্কার নিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, নিমহানস'এর সঙ্গে যৌথভাবে এবছর এই পুরস্কার পেয়েছেন বৎসোয়ানার অধ্যাপিকা বন্টেল এমবোংওয়ে।

❑ 'বিশ্ব বক্সিং'এর সদস্য হতে সম্মত হয়েছে 'বক্সিং ফেডারেশন অফ ইন্ডিয়া'। 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি', 'আন্তর্জাতিক বক্সিং অ্যাসোসিয়েশন'কে স্বীকৃতি দিতে অস্বীকার করার পর গঠিত এই নতুন গভর্নিং বডি 'বিশ্ব বক্সিং'এ যোগ দিতে সম্মত হয়ে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে ভারত। অলিম্পিকে ভারতীয় বক্সারদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য 'বিশ্ব বক্সিং'এ যোগদান অপরিহার্য হয়ে উঠেছে। 'বক্সিং ফেডারেশন অফ ইন্ডিয়া'র লক্ষ্য হল, খেলাধুলা ও ক্রীড়াবিদদের স্বার্থে 'আন্তর্জাতিক বক্সিং অ্যাসোসিয়েশন' সংগঠিত ইভেন্টগুলিতে অংশগ্রহণ চালিয়ে যাওয়া। ভারত ছাড়াও, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, সুইডেন, জার্মানি ও গ্রেট ব্রিটেনের মতো দেশগুলি 'বিশ্ব বক্সিং'এর মূল সদস্য হিসাবে যোগ দিয়েছে।

❑ প্রথম ভারতীয় পুরুষ বক্সার হিসাবে, 'প্যারিস অলিম্পিক'এর জন্য যোগ্যতা অর্জন করলেন হরিয়ানার নিশান্ত দেব। বিশ্ব বক্সিংয়ের যোগ্যতা অর্জন পর্বে পুরুষদের ৭১ কেজি বিভাগে তিনি হারালেন মলডোভার বক্সার ভাসাইল কেবোতারি'কে। ম্যাচের ফলাফল ভারতীয় বক্সারের পক্ষে ৫-০। তবে, সবমিলিয়ে ভারতের চতুর্থ বক্সার হিসাবে প্যারিস অলিম্পিক্সের টিকিট পেলেন নিশান্ত। এর আগে প্যারিস অলিম্পিক্সের টিকিট পেয়েছেন নিখাত জারিন (মহিলাদের ৫০ কেজি বিভাগে), প্রীতি (মহিলাদের ৫৪ কেজি বিভাগে) ও লভলিনা বোরগোঁহাই (মহিলাদের ৭৫ কেজি বিভাগে)।

❑ 'তাইওয়ান অ্যাথলেটিক্স ওপেন'এ পুরুষদের জ্যাভলিন থ্রো বিভাগে সোনার পদক পেলেন ভারতের ডি.পি.মানু। ৮১.৫৮ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়েছেন তিনি।

❑ জার্মানিতে, 'বোন আন্তর্জাতিক ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ মহিলাদের সিঙ্গলস খেতাব জিতলেন ভারতের তানভি শর্মা।

❑ সব ধরনের ক্রিকেট থেকে অবসর ঘোষণা করলেন ভারতীয় ক্রিকেটার দীনেশ কার্তিক।

**২ জুন :** মহিলা কর্মচারীদের ঋতুকালীন ছুটি দেওয়ার সিদ্ধান্ত নিল 'সিকিম হাই কোর্ট'। ভারতের প্রথম হাই কোর্ট হিসাবে এমন উদ্যোগ নিল তারা। সিকিম হাই কোর্ট জানিয়েছে, মহিলা কর্মীরা মাসে ২ থেকে ৩ দিনের জন্য ঋতুকালীন ছুটি নিতে পারেন। তবে, তাঁদের প্রথমে হাই কোর্টের সঙ্গে সংযুক্ত মেডিক্যাল অফিসারের সঙ্গে যোগাযোগ করতে হবে। তারপর এই ধরনের ছুটির জন্য একটি সুপারিশপত্র পেতে হবে। তারপরই এই ছুটি মঞ্জুর করা হবে। এই ছুটি নিলে বছরের মোট ছুটির তালিকায় কোনো প্রভাব পড়বে না।

❑ ম্যালেরিয়ার বিরুদ্ধে লড়তে, জেনেটিক্যালি মডিফায়েড মশা ছাড়ল পূর্ব আফ্রিকার দেশ জিবুতি। পূর্ব আফ্রিকায় এই প্রথম এই ধরনের মশা ছাড়া হল। ব্রাজিল, কেম্যান দ্বীপপুঞ্জ, পানামা ও ভারতে একই ধরনের প্রযুক্তি সফলভাবে ব্যবহৃত হয়েছে। জেনেটিক্যালি মডিফায়েড মশা দু'টি জিন-সহ একটি ল্যাবে প্রজনন করা হয়। একটি স্ব-সীমাবদ্ধ জিন, যাতে স্ত্রী মশাকে প্রাপ্তবয়স্ক হওয়া থেকে বাঁচানো রোধ করা যায় ও অন্যটি হল বন্য অঞ্চলে শনাক্তকরণের জন্য একটি ফ্লুরোসেন্ট মার্কার জিন। ম্যালেরিয়া সংক্রমণের জন্য দায়ী স্ত্রী 'অ্যানোফিলিস স্টিফেন্সি' মশার সংখ্যা কমাতে এই জেনেটিক্যালি মডিফায়েড মশা তৈরি করা হয়েছে। এই উদ্যোগটি 'জিবুতি ফ্রেন্ডলি মসকুইটো প্রোগ্রাম'এর অংশ।

❑ বিশ্বের প্রথম কাঠের উপগ্রহ তৈরি করলেন জাপানের গবেষকরা। জাপানের 'কিয়োটো বিশ্ববিদ্যালয়' ও লগিং কোম্পানি 'সুমিটোমো ফরেস্ট্রি'র বিজ্ঞানীদের তৈরি পরীক্ষামূলক এই উপগ্রহের নাম দেওয়া হয়েছে 'লিগনোস্যাট'। 'ম্যাগনোলিয়া' নামের গাছের কাঠ থেকে তৈরি এই উপগ্রহটি কিউব আকৃতির লুডো খেলার ছক্কার মতো দেখতে, যা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পরিচালিত পরীক্ষায় দারুণ ফল করবে বলে মনে করা হচ্ছে। এই লিগনোস্যাটের দৈর্ঘ্য-প্রস্থ-উচ্চতা বা, সার্বিক আয়তন মাত্র ৪ ইঞ্চি বা, ১০ সেন্টিমিটার। সেপ্টেম্বরে মহাকাশে এটি উৎক্ষেপিত হবে বলে মনে করা হচ্ছে। এই উপগ্রহটি তার মেয়াদ শেষে পৃথিবীতে প্রবেশের সময় বায়ুমণ্ডলে ঢোকার পর নিশ্চিহ্ন হয়ে যাবে ঠিকই, কিন্তু বাতাসে সেটির কোনো ধ্বংসাবশেষের অস্তিত্ব থাকবে না।

❑ ভারতীয় বংশোদ্ভূত গবেষক অঙ্কুর গুপ্তা এমন একটি অভিনব প্রযুক্তি আবিষ্কার করেছেন, যা মাত্র ১ মিনিটে ল্যাপটপ ও ফোন চার্জ করতে পারে। এছাড়াও, একই প্রযুক্তিতে মাত্র ১০ মিনিটে ইলেক্ট্রিক গাড়ি চার্জ হতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রের 'ইউনিভার্সিটি অফ কলোরাডো বোল্ডার'এর কেমিক্যাল ও বায়োলজিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারি অধ্যাপক অঙ্কুর গুপ্তা ও তাঁর গবেষক দল এই নতুন প্রযুক্তি আবিষ্কার করেছেন, যা মাত্র ১ মিনিটে একটি ডেড অর্থাৎ একেবারে চার্জ নেই এমন অবস্থায় থাকা ল্যাপটপ বা, ফোন চার্জ করে দেবে। 'প্রসিডিংস অফ দ্য ন্যাশনাল আকাদেমি অফ সায়েন্সেস' জার্নালে এই গবেষণাটি প্রকাশিত হয়েছে।

**৩ জুন :** মেক্সিকোর প্রথম মহিলা প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন ক্লদিয়া শিনবাউম।

❑ মর্যাদাপূর্ণ 'স্ক্রিপস ন্যাশনাল স্পেলিং বি' জিতল ফ্লোরিডার ভারতীয়-মার্কিনি ১২ বছর বয়সি সপ্তম শ্রেণির ছাত্র ব্রুহাত সোমা। টাইব্রেকার রাউন্ডে ২৯টি শব্দের বানান সঠিকভাবে বলে, টেক্সাসের ফাইজান জাকি'কে হারিয়ে এই খেতাব অর্জন করেছে সে। ৯০ সেকেন্ড সময়ে ২৯টি শব্দের বানান সঠিকভাবে বলেছে ব্রুহাত সোমা, যেখানে ফাইজান জাকি ২০টি শব্দের বানান সঠিকভাবে বলেছে। চ্যাম্পিয়নের পুরস্কার হিসাবে নগদ ৫০,০০০ মার্কিন ডলার পেয়েছে সোমা।

**৪ জুন :** এবার থেকে তেলেঙ্গানা ও আন্ধ্রা প্রদেশের যৌথ রাজধানী থাকছে না হায়দরাবাদ। এখন থেকে শুধুমাত্র তেলেঙ্গানার রাজধানী হিসাবেই গণ্য হবে হায়দরাবাদ। ১০ বছর আগে আন্ধ্রা প্রদেশ ভেঙে দু'টি আলাদা রাজ্য গঠিত হওয়ার সময়ই এমন সিদ্ধান্ত হয়েছিল। ২ জুন, ১০ বছর পূর্তি উপলক্ষ্যে সেই নীতি চালু হল। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সালের ২ জুন আন্ধ্রা প্রদেশকে ভেঙে দু'টি আলাদা রাজ্য আন্ধ্রা প্রদেশ ও তেলেঙ্গানা তৈরি করা হয়। সেইসময়কার আন্ধ্রা প্রদেশ পুনর্গঠন আইন ২০১৪ অনুযায়ী, পরবর্তী ১০ বছরের জন্য হায়দরাবাদকে দুই রাজ্যের রাজধানী ঘোষণা করা হয়। ওই আইনে বলা হয়, ১০ বছরের বেশি সময় পর্যন্ত হায়দরাবাদ দুই রাজ্যের রাজধানী থাকবে না।

❑ এবছর ষষ্ঠ 'হারুন ইন্ডিয়া আর্ট তালিকা' প্রকাশ করল 'হারুন রিসার্চ ইনস্টিটিউট'। এই তালিকায় ভারতের সবথেকে সফল শিল্পী হিসাবে শীর্ষে স্থান পেলেন ব্রিটিশ-ভারতীয় ভাস্কর্যশিল্পী অনীশ কাপুর। এই নিয়ে টানা ষষ্ঠ বছর এই খেতাব ধরে রাখলেন তিনি। এবছরের ১ জানুয়ারি পর্যন্ত সর্বজনীন নিলামে বিক্রি হওয়া শিল্পকর্মের বিক্রি অনুসারে ৫০ জন জীবিত ভারতীয় শিল্পীদের নিয়ে এই তালিকাটি তৈরি করা হয়। এই নিরিখে সর্বজনীন নিলামে অনীশ কাপুরের শিল্পকর্মের বিক্রির পরিমাণ ছিল ৭৯.৯ কোটি টাকা। এই তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে গুজরাতের গুলাম মহম্মদ শেখ (তাঁর শিল্পকর্মের বিক্রির পরিমাণ ২৪.১ কোটি টাকা) ও নয়াদিল্লির অর্পিতা সিং (তাঁর শিল্পকর্মের বিক্রির পরিমাণ ২২.৯ কোটি টাকা)।

**৫ জুন :** অবসর নিলেন রাষ্ট্রসঙ্ঘে ভারতের স্থায়ী প্রতিনিধি রুচিরা কম্বোজ। তিনিই হলেন প্রথম মহিলা, যিনি রাষ্ট্রসঙ্ঘে ভারতের রাষ্ট্রদূত হয়েছিলেন। ১৯৮৭ সালে ভারতের বিদেশ সংক্রান্ত পরিষেবায় যোগ দেন তিনি। ২০২২ সালের ২ আগস্ট নিউইয়র্কে রাষ্ট্রসঙ্ঘের স্থায়ী প্রতিনিধি হিসাবে দায়িত্ব নেন রুচিরা। এর আগে ফ্রান্স, মরিশাস ও দক্ষিণ আফ্রিকায় ভারতীয় মিশনে, ২০১৭-'১৯ সাল পর্যন্ত দক্ষিণ আফ্রিকায় ভারতীয় হাইকমিশনে নিযুক্ত ছিলেন তিনি। এরপর ২০১৯ সালে তিনি ভুটানে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে কাজ করেন।

**বিশ্বের প্রথম ব্যক্তি হিসাবে মোট ১,০০০ দিন পৃথিবীর কক্ষপথে অবস্থান করে রেকর্ড গড়লেন রুশ নভোচারী ওলেগ কোনোনেনকো।**



**কোনোনেনকো হলেন রাশিয়ান স্পেস এজেন্সির (রসকসমস) মহাকাশচারী স্কোয়াডের কমান্ডার। এখন আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে (আইএসএস) কর্মরত তিনি।**

❑ 'বিশ্ব পরিবেশ দিবস' উপলক্ষ্যে, 'এক পেড় মা কে নাম' নামে একটি প্রকল্পের সূচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই প্রকল্পের সূচনা করতে নয়াদিল্লিতে বুদ্ধজয়ন্তী পার্কে পিপল গাছের একটি চারা রোপণ করেন তিনি। পরিবেশবিদদের মতে, এই ধরনের উদ্যোগ দেশে গাছ লাগানোর প্রচেষ্টাকে আরও উৎসাহিত করবে ও পরিবেশ সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

❑ এবার দেশে মোট ৬৪.২ কোটি ভোটার নিজেদের ভোটাধিকার প্রয়োগ করেছেন বলে জানিয়েছেন জাতীয় মুখ্য নির্বাচনী আধিকারিক রাজীব কুমার। এর মধ্যে ৩১.২ কোটি ভোটার মহিলা। এই নিরিখে ভোটার সংখ্যার দিক থেকে বিশ্বরেকর্ড গড়ল ভারত। জম্মু ও কাশ্মীরে এবারের লোকসভা নির্বাচনে ৫৮.৫৮% ভোট পড়েছে, যা গত ৪ দশকের মধ্যে রেকর্ড। বস্তার ডিভিশনের ১০২টি গ্রাম প্রথমবারের মতো ভোট দিয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। অন্যদিকে, এবার 'সিভিজিল' অ্যাপে মোট ৪ লাখ ৫৬ হাজার অভিযোগ জমা পড়েছে। আদর্শ আচরণবিধি ভঙ্গের ৪৯৫টি অভিযোগ জমা পড়েছে বিভিন্ন রাজনৈতিক দলের তরফ থেকে। এর মধ্যে ৯০% অভিযোগেরই নিষ্পত্তি হয়েছে বলে জানানো হয়েছে।



**আইসিসি'র তরফ থেকে, ২০২৩ সালে 'একদিনের ক্রিকেটে বর্ষসেরা পুরুষ ক্রিকেটার'এর সম্মান পেলেন বিরাট কোহলি। চতুর্থবারের জন্য এই সম্মান পেলেন তিনি। বিশ্বকাপে কোহলি ১১টি ইনিংসের মধ্যে অন্তত ৯টি অর্ধশতরান করেছেন। মোট ৭৬৫ রান করেছেন বিশ্বকাপে। প্রতিযোগিতার ইতিহাসে এত বেশি রান আগে কেউ করেননি।**

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

# WBCS মেইনস-এ

## ইংরিজি আবশ্যিক বিষয়ে কীভাবে প্রস্তুতি নেবেন

২০২৩ সালের ডব্লুবিসিএস প্রিলি পরীক্ষার ফল বেরিয়েছে। মেইনস পরীক্ষা হবে ১৬, ১৭, ১৮ ও ২০ আগস্ট। মেইনস পরীক্ষায় আবশ্যিক ইংরিজি বিষয়ে কীভাবে উত্তর লিখলে নম্বর বেশি পাওয়া যাবে আর এবারের মেইনস পরীক্ষায় কেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তা নিয়ে আলোচনা করছেন রাজ্যের পণ্য ও পরিষেবা কর দফতরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার সামিম সরকার।



# কম্পালসারি ইংরিজি

## PAPER-II

Long before the British were compelled to leave India, the importance of English language, particularly in the administrative arena had started to spread its branches far and wide in our country. At present, in this age of globalisation, learning to communicate through English has become more important than ever before. Moreover English is the language of computer, aviation, internet and it is highly valued in the job market, especially for the WBCS aspirants. So, you need to develop a command over the descriptive part of the English syllabus.

It is no hard nut to crack. You are supposed to know the format (of Letter writing or Report writing etc), think about the topic given with logical co-relation and put your thought simple language (playing within the range of your own vocabulary). Your sentences should of course be grammatically correct with no spelling mistake. Remember this paper is highly scoring and helps a lot in raising the aggregate.

The English Descriptive Paper comprises various components designed to test different aspects of writing and comprehension. This paper contains essay writing, report writing, letter writing, précis writing and one translation ( B to E). Number weitage of each topic is 40, hence the full marks of this paper is 200. The English descriptive paper constitutes a significant part of the main exam and ultimately decide whether you receive an interview call or not. Candidates must prepare and practice thoroughly to ensure to score high on each part of this paper. Please that, there is a deduction of 10% of the total marks secured by the candidate if he/she discloses his/ her identity by writing his/her roll number/name.

**Tips for the English Descriptive Paper**

- Effective preparation: It is the key to success in the English Descriptive paper.
- Regular Practice: Write regularly and seek feedback to improve.
- Extensive Reading: Read widely to enhance language skills and stay informed on various topics through newspapers and relevant exam syllabi connected with current affairs.
- Varied Topics: Practice writing on different subjects to broaden your knowledge and versatility.
- Time Management: Practice under timed conditions to improve speed and efficiency.

Here, Model Précis, Report & Editorial letter writing and few suggestive topics for Report & Editorial letter are given:

**Précis writing**

Précis writing has been an dispensable part of the English paper for Mains examination in any competitive examination, WBCS is not an exception. Earlier while the marks for précis writing used to be 20 marks, the same has been kept at 40 marks since 2014. Be it English or Bengali, Précis is an important part in WBCS or any other Govt jobs exam at its main stage. Précis tests students' skill of English language, understanding on the topic and compactness of the content.

**What is précis**

- A précis is a shortened form of a passage. It is a miniature replication of the original passage.
- Précis writing is a process of condensing a passage to its main points. It expresses the theme of the passage as briefly as possible.
- It is characterised by its brevity. More importantly, it should be easily understood by the reader without having to refer to the original passage.
- Thus a Précis must briefly cover all the ideas stated in the passage.
- In a nutshell, Précis writing means bringing out the gist of the given passage in a few number of words not exceeding one third of the original passage.

**Guidelines to follow before writing the précis**

- Read the passage a number of times so as to gain an understanding of the passage.
- Firstly try to find out the theme or central idea on which the given passage is revolving.
- Provide a suitable title on the line of central idea. It carries marks. Title can be created using words or phrases from the passage, but it is always advised to use own words.
- Note the length of the original passage.
- Note the essential points of the passage.
- Remove or omit irrelevant and incidental points such as examples, illustrations or comments by the author.
- Using the essential points, prepare an outline.

**During the process of writing**

- A rough draft using the outline is to be written.
- The essential points must appear in a logical sequence.
- Avoid using words and sentences from the original passage unless absolutely necessary.
- Avoid words like 'in my opinion', 'I believe that' etc.
- Exclude proverbs, illustrations, repetitions and quotations.
- The prices must be written in a simple and unambiguous language.
- It must be written in the past tense and indirect speech.
- It is written in the third person.

**Keep in Mind**

- Compare the draft to the original passage and check that all the essential points have been covered.
- Ensure that the length of the précis is one third of the original passage.
- Check the spelling mistakes, grammatical mistakes and errors in punctuation.
- In WBCS, précis writing is done in a separate sheet. Do not forget to tag the sheet before leaving the hall.

**Model précis writing: Write a précis of the following passage and add a suitable title -**

"First of all, we must get rid of war. At the present time, the nations engaged in the cold war spend on preparations for slaughter thirty thousand million pounds a year or five hundred and seventy' thousand pounds a minute. Consider what this expenditure might do to promote human welfare. More than half the population of the world is undernourished, not because it need be, but because the richer nations prefer killing each other to keeping the poorer nations alive and helping them to achieve a higher standard of life. Nothing; while our present mentality persists induces the richer nations to help the others except the hope of buying their support in the cold war. Why should we not, instead, use our wealth to buy their support for securing peace?

There is a fear, fostered by those who are interested in the armament industry, whether as employers or as workers, that disalignment might cause a disaster our economic dislocation. This fear is not shared by those who are best qualified to pronounce as to its validity. I will refer the reader to two very competent and careful discussions, one in the Nation's Business (the organ of the U.S. Chamber of Commerce) for October;1959, the other by Senator Hubert H. Humphrey (Chairman of the U.S. Senate Sub-Committee on Disarmament)in think for January 1960. Both these entirely orthodox authorities are agreed that experience at the end of the Second World War showed the possibility of a smooth transition from a wet economy to a peace economy, given certain obvious and entirely practicable precautions, I think, therefore, that we may dismiss the paradoxical theory that we can only keep alive by preparing to kill each other."

- Bertrand Russell

### উত্তর

**1. Model report writing**

**Write a report on 'Empowering women is the key to control the population growth'**

'Empowering women is the key to control the population growth'

(By Staff Reporter)

**Place X; June 29 :** Empowering women is crucial for controlling population growth in India, as highlighted by the recent announcement of a "high powered committee, also called population committee", in the Interim Budget 2024-25. This committee's inter disciplinary approach must address the multi faceted challenges arising from rapid population growth and demographic changes.

India's population is projected to reach 1.46 billion by 2030, comprising 17% of the world's population, while the country has experienced a decline in population growth rates since the 1970s, fertility levels have also decreased steadily. The total fertility rate (TFR) is expected to touch 1.73 in 2031-35 from 2.5 in 2009-11 leading to a demographic transition with a decreasing proportion of the child population and an increasing proportion of the working-age population.

Several trends in population growth underscore the need for strategic interventions. The percentage decadal growth rate has been declining since 1971-81 and there has been a significant fall in the case of Empowered Action Group (EAG) states. The TFR has further declined from 2.2 to 2.0 at the national level between National Family Health Surveys (NFHS) 4 and 5, with only five states above the replacement level of fertility of 2.1.

Improvements in mortality indicators, such as life expectancy at birth, have been remarkable. However, challenges remain in health, education, and employment sectors, especially with disruptions caused by the COVID - 19 pandemic. The Population Committee can enhance the targeted approach to these challenges by focusing on evidence-based decision-making, modernising data infrastructure, and promoting inclusive and sustainable development.

To achieve these goals, the population committee must adopt a multi-sectoral strategy, beverage interdisciplinary expertise, collaborate with stakeholders, emphasize public awareness and education, and facilitate international collaboration. By addressisng these challenges comprehensively, India can harness its demographic dividend and achieve sustainable development.

Empowering women involves educating them as it leads to greater awareness of family planning, delaying marriages and reducing fertility. The "Beti Bachao, Beti Padhao" or "Kanyashree", "Rupashree" schemes introduced by the Central and State Govts have enabled downtrodden women to a large extent. Under age marriages have also come down over the years. Child marriage act and other laws that support gender equality and protect women's rights have already empowered women. Besides, access to comprehensive reproductive healthcare including family planning services and maternal health care facilities, plays a major role. By ensuring women have easy access to various contraceptive methods and information about their reproductive options, they gain control over their fertility. Economic independence is also a key factor in this regard. Overall, a multifaceted approach addressing healthcare, education and societal attitudes is essentially required for empowering women in controlling the population growth.

In conclusion, empowering women is not just about gender equality; it is a strategic imperative for controlling population growth and ensuring sustainable development in India. The Population Committee's efforts must be aligned with the broader goal of "Viksit Bharat" and focus on addressing the diverse challenges posed by population growth through evidence based policies and inclusive strategies.

**2. Model letter writing**

Write a letter to the editor about the Introducing more vocational courses in University Curricula

Sender's Address : A

Date : 15/07/2024

To,

The Editor,

Morning Glory,

21,AD Road,

Kolkata.

**Subject :** Introducing more vocational courses in University curricula.

Respected Sir,

Yesterday, the second lead news of your widely circulated daily published a very much informative chart which shows that the percentage of unemployed persons has touched the highest mark in the post - independence era.It is indeed an eye opener and definitely poses a tough task before the planners and the economists.

Myself as a responsible citizen would like to give vent to my thoughts regarding this grave situation through your highly esteemed newspaper and shall be obliged if a little space is allotted to this letter of mine.

Well, some may opine that it is a post COVID jerking, even if it is so, we must have to do something to tide it over and make some plans for achieving sustainable success

Ours is an era of technology and this is a time when digitalisation is booming in every field of work. Persons with expertised knowledge of technology are sure to be in high demand. So I deem, introducing variety vocational courses in the university curricula is needed now. All the universities have recently introduced inter disciplinary courses, hence vocational courses may also be included now.

The students can learn here specialised skills for specific jobs. They will also gain practical experience before graduation.

Thus the upcoming young generation will be in demand in the job market. They will be free to have their choice in the field and will get a chance to stand on their own.

I hope the UGC and other such bodies will pay heed to the proposal and find out what fits the students best. I also welcome the voice of the educationists and social thinkers regarding this.

Thanking you

I remain,

Yours Sincerely,

XYZ

**Suggestive topics for Report writing.**

(a) One Nation, One Election
(b) Women's Reservation Act
(c) Plastic Pollution
(d) Climate Change
(e) Ecological Disasters are man made and not divinely ordained
(f) Indian Heritage Conservation- the need of the hour
(g) Prospects of Ecotourism in West Bengal
(h) Can teaching on digital platforms replace the classroom teaching.
(i) Should social media be fully legalised?
(j) The Threats of the Digital World for Today's Youth

**Suggestive topics for Editorial letter writing.**

(a) Child labour
(b) Commercial advertisement in the Backdrop of moral values
(c) The changing face of the woman in Rural Bengal
(d) Water Crisis
(e) Social Media and Social awareness
(f) Without women's empowerment, no society can progress
(g) Internet is more of a bane than a boon.
(h) Status and positions of street vendors in the light of Street Vendors Act 2014

## 'সেট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

১ পাতার পর

নেওয়া হবে এইসব ৩৩টি বিষয়ের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের জন্য (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : ইংরিজি (০১), বাংলা (০২), সংস্কৃত (০৩), হিন্দি (০৪), উর্দু (০৫), কমার্স (০৬), অর্থনীতি (০৭), ইতিহাস (০৮), দর্শন (০৯), রাষ্ট্রবিজ্ঞান (১০), এডুকেশন (১১), কেমিক্যাল সায়েন্সেস (১২), ভূগোল (১৩), লাইফ সায়েন্স (১৪), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (১৫), ফিজিক্যাল সায়েন্সেস (১৬), সোশিওলজি (১৭), সাইকোলজি (১৮), লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স (১৯), ফিজিক্যাল এডুকেশন (২০), ইলেক্ট্রনিক্স সায়েন্স (২১), কম্পিউটার সায়েন্স (২২), হোম সায়েন্স (২৩), সাঁওতালি (২৪), জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন (২৫), অ্যানথ্রোপলজি (২৬), আর্থ সায়েন্স (২৭), মিউজিক (২৮), আইন (২৯), নেপালি (৩০), ম্যানেজমেন্ট (৩১), আরবি (৩২), এনভায়রণমেন্টাল সায়েন্স (৩৩)।

ওপরের ওইসব বিষয়ে অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫%(তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., ট্রান্সজেন্ডার, শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এবছর যাঁরা ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন বা, দিয়েছেন, তারা 'সেট' পরীক্ষা হওয়ার দিন থেকে ২ বছরের মধ্যে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশের মার্কশীট দেখাতে পারলে ও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য। ১৯-৯-১৯৯১'র মধ্যে যাঁরা মাস্টার ডিগ্রি করে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা এই পরীক্ষা দেওয়ার জন্য শতকরা হারে ৫% নম্বর ছাড় পাবেন।

'ম্যাথমেটিক্যাল সায়েন্স' বিষয়ের বেলায় 'পিওর ম্যাথমেটিক্স', 'অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স' বা, 'স্ট্যাটিস্টিক্স' বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। 'লাইফ সায়েন্স' বিষয়ের বেলায় বায়োলজিক্যাল সায়েন্স, বটানি, জুলজি, মাইক্রোবায়োলজি, মলিকিউলার বায়োলজি, অ্যানিম্যাল সায়েন্স, বায়োলজিক্যাল সায়েন্স, বায়ো-কেমিস্ট্রি, বায়োটেকনোলজি বা, ফিজিওলজি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য।

'লাইব্রেরি সায়েন্স' বিষয়ের বেলায় এম.লিব. বা, এম.লিস পাশ হলেও যোগ্য।

'ফিজিক্যাল এডুকেশন' বিষয়ের বেলায় ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি (এম.পি.এড.) কোর্স পাশ হতে হবে।

ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না। 'সেট' পরীক্ষা দেওয়ার জন্য উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। ২০২৪ সালের স্টেট এলিজিবিলিটি টেস্ট বা, 'সেট' পরীক্ষার মাধ্যমে। একদিনের লিখিত পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর, এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড নং দেওয়া হল) : কলকাতা (২২), দক্ষিণ ২৪ পরগনা (৩২), উত্তর ২৪ পরগনা (২৬), হাওড়া (১৮), হুগলি (১৭), পূর্ব বর্ধমান (২৯), পশ্চিম বর্ধমান (২৭), বীরভূম (১৩), বাঁকুড়া (১২), পুরুলিয়া (৩১), ঝাড়গ্রাম (২০), পূর্ব মেদিনীপুর (৩০), পশ্চিম মেদিনীপুর (২৮), নদিয়া (২৫), মুর্শিদাবাদ (২৪), মালদহ (২৩), উত্তর দিনাজপুর (৩৩), দক্ষিণ দিনাজপুর (১৫), জলপাইগুড়ি (১৯), আলিপুরদুয়ার (১১), কোচবিহার (১৪), দার্জিলিং (১৬), কালিম্পং (২১)। মোট ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারের পরীক্ষা হবে সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত। দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে ১২টা থেকে ২ টো পর্যন্ত।

প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা।

প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে২ নম্বর।

দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর।

দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম ও দ্বিতীয় পেপারে ৪০% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। আরো বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে www.wbcsc.ac.in পরীক্ষার অ্যাডমিট কার্ড পরীক্ষা হওয়ার দু' সপ্তাহ আগে ডাউনলোড করতে পারবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নং: 26/SET.

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ আগস্ট পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbcsconline.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। ফটো স্ক্যান করবেন ৪ থেকে ৪০ কে.বি.'র মধ্যে আর ফটোর মাপ হতে হবে ৩.৫×৪.৫ সেমির মধ্যে। সিগনেচার স্ক্যান করবেন ৪ থেকে ৩০ কে.বি.'র মধ্যে আর মাপ হতে হবে ৩.৫×১.৫ সেমির মধ্যে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Advertisement-এ ক্লিক করলে How to Apply পাবেন। তারপর Click here to apply online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড নং ই-মেলে পাঠানো হবে। এবার পরীক্ষা ফী বাবদ ১,৩০০ (ও.বি.সি., ই.ডব্লু.এস. হলে ৬৫০, তপশিলী, প্রতিবন্ধী, ট্রান্সজেন্ডার হলে ৩২৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং বা, ই-চালানে জমা দেবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম এডিট করতে পারবেন ৯ সেপ্টেম্বর থেকে ১১ সেপ্টেম্বরের মধ্যে।

## কলকাতা হাই কোর্টে ২৯১

১ পাতার পর

তঃউঃজাঃ এক্সেমটেড ক্যাটেগরি ২টি, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩টি, ও.বি.সি. -এ এক্সেমটেড ক্যাটেগরি ১টি, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১টি, ও.বি.বি.-বি এক্সেমটেড ক্যাটেগরি ২টি।

অ্যাপেলেট সাইডে — জেনাঃ ৭০, জেনাঃ এক্সেমটেড ক্যাটেগরি ২৩, জেনাঃ প্রাঃসঃকঃ ১২টি, জেনাঃ মেধাবী খেলোয়াড় ৭টি, জেনাঃ বধির প্রতিবন্ধী ৩টি, জেনাঃ লোকো মোটর ডিস্যাবিলিটি / সেরিব্রাল পালসি ৩টি, জেনাঃ দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩টি, তঃজাঃ ৩২টি, তঃজাঃ এক্সেমটেড ক্যাটেগরি ১৭টি, তঃজাঃ প্রাঃসঃকঃ ৫টি, তঃউঃজাঃ ১৯টি, তঃউঃজাঃ এক্সেমটেড ক্যাটেগরি ১৩টি, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৬টি, ও.বি.সি. -এ এক্সেমটেড ক্যাটেগরি ৭টি, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১১টি, ও.বি.বি.-বি এক্সেমটেড ক্যাটেগরি ৪টি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে। পরীক্ষা হবে কলকাতা, হাওড়া, চুঁচুড়া, বর্ধমান সদর, মেদিনীপুর সদর, শিলিগুড়ি, জলপাইগুড়ি টাউন। ১০০ নম্বরের১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : অ্যারিথমেটিক, জেনারেল নলেজ অ্যান্ড কম্পিউটার প্রফিসিয়েন্সি, জেনারেল ইন্টেলিজেন্স ও ইংরিজি। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে ইংরিজিতে। নির্দিষ্ট কোয়ালিফাই নম্বর পেলে দ্বিতীয় ফেজের পরীক্ষা হবে। এই পার্টে থাকবে : অ্যারিথমেটিক-১০০ নম্বর, ইংরিজি প্রবন্ধ লেখা ও প্রেসি লেখা-১০০ নম্বর, জেনারেল নলেজ - ১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। এরপর হবে ১০০ নম্বরের ভাইভা টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : 6785-RG, Dated, the 1st day of August, 2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০০×১২০ পিক্সেলে), সিগনেচার (১৬০×৭০ পিক্সেলে), শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কম্পিউটার ট্রেনিং সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধী সার্টিফিকেট ও মেধাবী খেলোয়াড় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী হলে ৪০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই.-এ জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## 'গেট' পরীক্ষার মাধ্যমে আর্টস, সায়েন্স, কমার্স ও ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভর্তি

**নিজস্ব সংবাদদাতা :** ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স, আর্টস, সায়েন্স ও কমার্স শাখার পোস্ট-গ্র্যাজুয়েট, [illegible] ডাক্তারির পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভরতির জন্য ও বিভিন্ন ক্ষেত্রে চাকরির জন্য ২০২৫ সালের 'গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (গেট)' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এবার এই পরীক্ষা নেবে আই.আই.টি. রুরকি। কারা এই 'গেট' পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারবেন।

উচ্চমাধ্যমিক পাশের পর ৪ বছরের বি.ই. বা, বি.টেক. কোর্স কিংবা বি.এসসি. কোর্স পাশের পর ৩ বছরের বি.ই. বা, বি.টেক. কোর্স পাশ কিংবা ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশের পর বি.ই. বা, বি.টেক. কোর্স পাশ কিংবা তৃতীয় বা, চতুর্থ বর্ষের পরীক্ষার্থীরা আবেদন করতে পারেন।

আর্কিটেকচার বা, ন্যাভাল আর্কিটেকচার কোর্স পাশ কিংবা তৃতীয় বা, চতুর্থ বর্ষের পরীক্ষার্থীরা আবেদন করতে পারেন।

সায়েন্সের ডিগ্রি (পোস্ট ডিপ্লোমা বা, উচ্চমাধ্যমিক পাশের পর ৪ বছরের কোর্স) পাশরাও যোগ্য।

আর্টস, সায়েন্স, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স বা, কম্পিউটার অ্যাপ্লিকেশনের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স পাশ কিংবা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের প্রার্থীরাও যোগ্য।

বি.এ., বি.এসসি., বি.কম. কোর্স পাশ কিংবা তৃতীয় বর্ষের প্রার্থীরাও যোগ্য।

ইন্টিগ্রেটেড এম.এসসি. বা, বি.এস.-এম.এস. কোর্স পাশ কিংবা তৃতীয় বর্ষের প্রার্থীরাও যোগ্য।

বি.এসসি. (অ্যাগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি) কোর্স পাশ কিংবা তৃতীয় বা, চতুর্থ বর্ষের প্রার্থীরাও যোগ্য।

প্রার্থী বাছাই হবে 'GATE-2025'র মাধ্যমে। পরীক্ষা হবে আগামী বছর ১, ২, ১৫ ও ১৬ ফেব্রুয়ারি। এইসব কেন্দ্রে : কলকাতা, খড়গপুর, হাওড়া, কোলাঘাট, বাঁকুড়া, বহরমপুর-মুর্শিদাবাদ, বালাসোর, বেরহামপুর (ওড়িশা), ভিলাই, ভুবনেশ্বর, বিলাসপুর, কটক, রায়পুর, রাঁচী, রৌরকেলা, সম্বলপুর, বিশাখাপত্তনম। ৩ ঘন্টার কম্পিউটার বেসড পরীক্ষা হবে ২৯টি বিষয়ে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। 'গেট' পরীক্ষার স্কোর কার্ডের মেয়াদ থাকবে ৩ বছর।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ আগস্ট থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://gate2025.iitr.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট-সহ যাবতীয় প্রমাণপত্র ইত্যাদি স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ছেলেদের বেলায় ১,৮০০ (মহিলা, তপশিলী ও প্রতিবন্ধী হলে ৯০০) টাকা দিতে হবে অনলাইনে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

## ২০২ কনস্টেবল

১ পাতার পর

ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫, অসম, ত্রিপুরা-সহ উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ (তপশিলী উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৩ (তপশিলী উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : কনস্টেবল (কার্পেন্টার) ছেলেদের জন্য ৬১টি (জেনাঃ ৩১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ১৪)। মেয়েদের জন্য ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)।

কনস্টেবল (প্লাম্বার) ছেলেদের জন্য ৪৪টি (জেনাঃ ২২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ১০)। মেয়েদের জন্য ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ২)।

কনস্টেবল (ম্যাসন) ছেলেদের জন্য ৫৪টি (জেনাঃ ২৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ১২)। মেয়েদের জন্য ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)।

কনস্টেবল (ইলেক্ট্রিশিয়ান) ছেলেদের জন্য ১৪টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৩)। মেয়েদের জন্য ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা (হাইট বার টেস্ট) মাপা হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তারপর লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১২ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, এস.বি.আই. চালানে জমা দেবেন। তপশিলী, মহিলা ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
CLERKSHIP
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র
~~৬০০/-টাকা~~
৩০০/-টাকা

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## প্রাইমারির

■ ২০২৩ সালের প্রাইমারি 'টেট' হয়েছিল ২০২৩ সালের ডিসেম্বর নাগাদ। প্রায় ৮ মাস হল এখনো ফল বেরোয়নি। কবে ফল বেরোবে? প্রাথমিক শিক্ষা পর্ষদ ঘোষণা করেছিল, প্রাইমারি 'টেট' প্রতি বছর ডিসেম্বরে হবে, তাই এবারও কি ডিসেম্বরে পরীক্ষা হবে? — ছোটন ধীবর, ছোটকাপসা, বেলগ্রাম, মুর্শিদাবাদ।

■■ প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, প্রাইমারি 'টেট'এর ফল দ্রুত বের করার চেষ্টা চলছে। এবার পরীক্ষা ডিসেম্বরে হওয়ার সম্ভাবনা আছে। 'টেট'এর ফল বেরোনোর পরই নতুন 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোবে।

## রেলে চাকরির

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির সব পদের জন্য আলাদাভাবে দরখাস্ত করতে হবে না, একটি দরখাস্ত করলেই হবে? একজন প্রার্থী একাধিক রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে পারবে কি? — শ্রেয়া বসু, রানাঘাট, নদিয়া।

■■ একজন প্রার্থী একটি দরখাস্ত করতে পারবেন। এবার থেকে একাধিক রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে পারবেন না। তবে প্রেফারেন্স হিসাবে বিভিন্ন পদ দিতে পারবেন।

■ রেলের যে পদগুলিতে ডিপ্লোমা যোগ্যতা লাগে, সেখানে বি.টেক. পাশরা কি দরখাস্ত করতে পারবে? — বিদিশা দাস, থুবা পুরাতন স্টেশন পাড়া, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা।

■■ না, সব ক্ষেত্রে যোগ্য নন।

■ কম্পিউটারের ৩ বছরের বি.সি.এ. কোর্স করেছি। রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পদে দরখাস্ত করতে পারব কি? — মিহির বিশ্বাস, গোলগ্রাম, ডেবরা, পশ্চিম মেদিনীপুর।

■■ না, পারবেন না।

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া হবে? — মনামী সাধুখাঁ, হাবড়া, উঃ২৪ পরগনা।

■■ আগস্টের শেষে না হলে সেপ্টেম্বরে দরখাস্ত নেওয়া শুরু হবে।

■ রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের জন্য একাধিক রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে পারব কি? — রূপম হালদার, ব্যান্ডেল, হুগলি।

■■ না, একজন প্রার্থী একটি পদেই একটি রেল রিক্রুট বোর্ডে দরখাস্ত করতে পারবেন। একাধিক বোর্ডে ও একাধিক পদে দরখাস্ত করলে সবই বাতিল হবে। এছাড়া ভবিষ্যতে রেলের কোনো পরীক্ষাই দিতে পারবেন না।

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে কয়েক হাজার লোক নেওয়ার যে খবর গত সপ্তাহের 'কর্মসংস্থান'এ বেরিয়েছিল, সেটি কি সঠিক তথ্য? শূন্যপদ কি আরো বাড়বে? — প্রিতম দাস, চাকদহ, পালপাড়া, নদিয়া।

■■ হ্যাঁ, রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে আরো বেশি শূন্যপদে নিয়োগ করা হবে।

## অন্যান্য চাকরির

■ বিয়ের আগে পদবি ছিল সাহা। বিয়ের পর পদবি হয়েছে মল্লিক সাহা। চাকরির পরীক্ষার দরখাস্তে কোন পদবি ব্যবহার করব? — অমিত মল্লিক, বিধানগড়, বুলবুলচন্ডি, মালদহ।

■■ মার্কশীট ও সার্টিফিকেটে যে পদবি আছে, সেটিই ব্যবহার করবেন।

■ মধ্যশিক্ষা পর্ষদের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — পিন্টু ঘোষ, পাবড়া, রাঙামাটি, শালতোড়া।

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ স্বাস্থ্য দফতরে ফেসিলিটি ম্যানেজার পদের জন্য ২০১৯ সালে দরখাস্ত করেছিলাম। প্রায় ৫ বছর হয়ে গেল, কিন্তু পরীক্ষা এখনো হয়নি। আদৌ পরীক্ষা হবে কি? হলে কবে হবে? — প্রিতম ঘোষ, মছলন্দপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ রাজ্য স্বাস্থ্য দফতরে ৮১৯টি ফেসিলিটি ম্যানেজার (গ্রেড-।।।) (আগে নাম ছিল ওয়ার্ড মাস্টার) পদের জন্য ২০১৯ সালে দরখাস্ত নেওয়া হয়েছিল। এই পদের জন্য ২ লাখ ৬৮ হাজার ৪১ জন প্রার্থী দরখাস্ত করেছিলেন। এত প্রার্থী সেইসময় দরখাস্ত করবে ও এত প্রার্থীর পরীক্ষা নেওয়ার জন্য যা খরচ হবে তা স্বাস্থ্য দফতর অনুমোদন পায়নি। তাই এতদিন পরীক্ষা নেওয়া সম্ভব হয়নি। সম্প্রতি পশ্চিমবঙ্গ হেলথ রিক্রুটমেন্ট বোর্ড রাজ্য সরকারের কাজে পরীক্ষা নেওয়ার অনুমোদন চেয়ে পাঠায়। সম্প্রতি অর্থ দফতর অনুমোদন দিয়েছে। প্রার্থী বাছাইয়ের জন্য 'কম্পিউটার বেসড টেস্ট' নেওয়া হবে। এজন্য টেন্ডার ডাকা হয়েছে। আশা করা যায়, আগস্টের শেষের দিকে পরীক্ষা নেওয়া হবে।

■ ডাক বিভাগের গ্রামীণ ডাক সেবক পদের জন্য কম্পিউটার জানা কি আবশ্যিক? — মৌমিতা মুন্ডা, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ না, কম্পিউটার জানা আবশ্যিক নয়।

■ ফিজিওথেরাপির ডিপ্লোমা করেছি। রাজ্য ও কেন্দ্রীয় সরকারের হাসপাতালে চাকরি পাব কি? — কৌশিক চট্টোপাধ্যায়, শ্রীরামপুর, হুগলি।

■■ হ্যাঁ, চাকরি পেতে পারেন।

## পুলিশে চাকরির

■ জেল পুলিশের পরীক্ষা কবে হতে পারে? — রমিজ আহমেদ, নারায়ণপুর, ভাঙড়, দক্ষিণ ২৪ পরগনা।

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ কলকাতা পুলিশের ডাটাএন্ট্রি অপারেটর পদের পরীক্ষা কবে হবে? — সৌরভ অধিকারী, বেলঘরিয়া, কলকাতা - ৪৯। - কৌস্তভ মণ্ডল, পূর্ব বর্ধমান।

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা সেপ্টেম্বরের প্রথমে হবে কি? — মুন্সী শরিফ, কাদরা, কাষ্ঠকুরম্বা, পূর্ব বর্ধমান।

■■ পরীক্ষা ১ সেপ্টেম্বর হতে পারে।

## পি.এস.সি.'র

■ ২০২৭ সাল থেকে ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস কি বদল হবে? এ বিষয়ে বিভিন্ন সময়ে বিভিন্নরকম কথা শোনা যাচ্ছে। কোনটি ঠিক? — সোমনাথ গাঙ্গুলী।

■■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষার সিলেবাস বদল নিয়ে অনেকবার আলোচনা হয়েছে। এখনো আলোচনা পর্যায়ে আছে। যতক্ষণ পর্যন্ত সরকার গেজেট বিজ্ঞপ্তি বের করছে, ততক্ষণ এ বিষয়ে সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়।

■ পি.এস.সি. ক্লার্কশিপের অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা একই দিনে হবে কি? — প্রদীপ দাস, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান।

■■ না, একই দিনে হবে না। আলাদা দিনে হবে।

■ পি.এস.সি. ক্লার্কশিপ পরীক্ষা কবে হবে? — দীপ্তদীপ ঘোষ, জি.আই.এস. কটন মিল স্টাফ কোয়ার্টার, চাঁপদানি, হুগলি।

■■ পরীক্ষা হবে ১৬ ও ১৭ নভেম্বর।

## কোর্স ও ট্রেনিং

■ ডি.এল.এড. কোর্সে ভরতির মেধা তালিকা কবে বেরোবে? — কুরবান আলি মণ্ডল, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ এ মাসেই মেধা তালিকা বেরোবে।

■ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক ও এন.আই.ও.এস. থেকে উচ্চমাধ্যমিক পাশ করলে ফার্মাসি কোর্স করা যায় কি? — অনিমেষ বিশ্বাস, করিমপুর, নদিয়া।

■■ হ্যাঁ, তবে ফার্মাসি করতে হলে উচ্চমাধ্যমিকে সায়েন্স থাকতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পশ্চিমবঙ্গ পুলিশে রাইফেলম্যান | মাধ্যমিক পাশ | ৪০০ | - | www.policewb.gov.in |
| সেনাবাহিনীতে নার্সিং কোর্স পড়িয়ে চাকরি | উচ্চমাধ্যমিক, | ২২০ | - | www.joinindianarmy.nic.in |
| মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও ITI | ২,৪২৪ | ১৫-৮-২৪ | www.rrccr.com |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | HS, ITI ডিপ্লোমা | ৭০ | ৫-৮-২৪ | www.npcilcareers.co.in |
| আই.টি.বি.পি. পুলিশে এডুকেশন কাউন্সেলর | গ্র্যাজুয়েট | ১১২ | ৯-৮-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| সেনাবাহিনীতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ৩৭৯ | ১৪-৮-২৪ | www.joinindianarmy.nic.in |
| এন.টি.পি.সি.-তে মাইনিং সির্দার, সুপারভাইজর | ডিপ্লোমা | ১৩৬ | ৫-৮-২৪ | www.careers.ntpc.co.in |
| নর্থ ইস্টার্ন ইলেক্ট্রিক পাওয়ার কর্পোরেশনে এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ৩০ | ৮-৮-২৪ | www.neepco.co.in |
| এন.সি.সি. পাশদের জন্য সেনাবাহিনীতে চাকরি | গ্র্যাজুয়েট ও এন.সি.সি. পাশ | ৭৬ | ৯-৮-২৪ | www.joinindianarmy.nic.in |
| ডাকবিভাগে গ্রামীণ ডাক সেবক | মাধ্যমিক | ৪৪,২২৮ | ৫-৮-২৪ | www.indiapostgdsonline.gov.in |
| ইন্ডিয়ান অয়েলে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ৩৬২ | ২১-৮-২৪ | www.iocl.com |
| প্রতিরক্ষা সংস্থায় চার্জম্যান | আই.টি.আই. | ৭৩৪ | ২-৮-২৪ | www.joinindiannavy.gov.in |
| ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে ট্রেডসম্যান | আই.টি.আই. | ৫১ | ১৮-৮-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| JIPMER-এ টেকনিশিয়ান নার্সিং অফিসার | গ্র্যাজুয়েট, নার্সিং | ১৭৫ | ১৯-৮-২৪ | www.jipmer.edu.in |
| রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার, সুপারভাইজর | ডিপ্লোমা পাশ | ৭,৯৫১ | ২৯-৮-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| স্টেট ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ২৭৩ | ৮-৮-২৪ | www.sbi.co.in |
| LIC হাউজিং ফিনান্সে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট, | ২০০ | ১৪-৮-২৪ | www.lichousing.com |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ৮৮ | ১৬-৮-২৪ | www.rbi.org.in |
| কেন্দ্রীয় সংস্থায় স্টেনোগ্রাফার | HS, টাইপিং ও শর্টহ্যান্ড | ২,০০৬ | ১৭-৮-২৪ | www.ssc.gov.in |
| রায়গঞ্জ জেলা আদালতে ক্লার্ক, স্টেনো, গ্রুপ-ডি | অষ্টম, মাধ্যমিক পাশ | ৭৪ | ২০-৮-২৪ | www.northdinajpur.dcourts.gov.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-। পদের (RRB-XIII) প্রিলি. পরীক্ষা | ৩, ৪, ১০, ১৭ ও ১৮ আগস্ট | www.ibps.in |
| IBPS-এর গ্রামীণ ব্যাঙ্কের অফিসার স্কেল-।। ও ।।। (RRB-XIII) পরীক্ষা | ২৯ সেপ্টেম্বর | www.ibps.in |
| DSSSB- ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার | ২৭ আগস্ট | www.dsssb.delhi.gov.in |
| WBCS-2023-মেইনস পরীক্ষা | ১৬, ১৭, ১৮, ২০ আগস্ট | www.pscwb.org.in |
| NTA -UGC NET পরীক্ষা | ২১ আগস্ট-৪ সেপ্টেম্বর | https://ugcnet.nta.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | ১৬-১৭ নভেম্বর | www.wbpsc.gov.in |
| PSC-এর মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষা-২০২৩ | ১৫ সেপ্টেম্বর | www.wbpsc.gov.in |
| Constable (GD) পরীক্ষা | জানুয়ারি-ফেব্রুয়ারি, ২৫ | www.ssc.gov.in |
| SSC-CGL-পরীক্ষা | সেপ্টেম্বর-অক্টোবরে | www.ssc.nic.in |
| SSC-MTS-2024-পরীক্ষা | অক্টোবর-নভেম্বরে | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | আগস্ট-অক্টোবর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ১৫ ডিসেম্বর | www.wbpsc.gov.in |
| PSC- অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষা | ২৭ অক্টোবর | www.wbpsc.gov.in |
| IBPS ক্লার্ক পরীক্ষা | আগস্ট | www.ibps.in |
| UPSC-CAPF (Ac)-2024 পরীক্ষা | ৪ আগস্ট | www.upsc.nic.in |

## রাজ্য পুলিশে কনস্টেবল

**WBPRB Exam**

# পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল



পশ্চিমবঙ্গ পুলিশে ‘কনস্টেবল’ পদে ১১,৭৪৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করবে ‘পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড’। এবার থেকে এই পদের জন্য একটিই লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৮৫ নম্বরের ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ - ২৫ নম্বর, (খ) ইংরিজি ১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ২৫ নম্বর, (গ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ২৫ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **বিজয় হালদার**।

**1.** সবথেকে নমনীয় ধাতু কোনটি?
(a) রুপা (b) সোনা (c) অ্যালুমিনিয়াম (d) সোডিয়াম

**2.** দূষিত কিডনি রোগীদের জন্য ডায়ালিসিস ব্যবহার করা হয়। এই প্রক্রিয়ায় জড়িত থাকে —
(a) পরিশোষণ (b) আস্রাবণ (c) ইলেক্ট্রোফোরেসিস (d) ব্যাপন

**3.** ‘ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট’ কোথায় অবস্থিত?
(a) দেরাদুন (b) হায়দরাবাদ (c) নয়াদিল্লি (d) ইটানগর

**4.** ‘মাই লাইফ’ বইটি কার আত্মজীবনী?
(a) ডঃ এ.পি.জে আব্দুল কালাম (b) ডঃ রাজেন্দ্র প্রসাদ (c) বিল ক্লিন্টন (d) হিলারি ক্লিন্টন

**5.** কোন ধারা ভারতের বাকি অংশের থেকে জম্মু ও কাশ্মীরকে আলাদা করে?
(a) 370 (b) 360 (c) 268 (d) 361

**6.** ভারতীয় জাতীয় কংগ্রেসের অধিবেশনে প্রথমবার ‘বন্দেমাতরম’ গান গাওয়া হয়েছিল কত সালে?
(a) 1886 (b) 1892 (c) 1896 (d) 1904

**7.** কারা প্রথম ভারতে স্বর্ণমুদ্রা প্রচলন করেন?
(a) শক (b) গুপ্ত (c) চোল (d) ইন্দো-গ্রিক

**8.** ‘ঘুমর’ ভারতের কোন রাজ্যের লোকনৃত্য?
(a) গুজরাত (b) পঞ্জাব (c) রাজস্থান (d) তামিলনাড়ু

**9.** ‘পুলিৎজার পুরস্কার’ কোন কোন ক্ষেত্রে দেওয়া হয়?
(a) বিজ্ঞান ও প্রযুক্তি (b) সাহিত্য ও সাংবাদিকতা (c) আন্তর্জাতিক বোঝাপড়া (d) পরিবেশবিদ্যা

**10.** নীচের কোনটিতে ক্যালসিয়াম সবথেকে বেশি থাকে?
(a) বাজরা (b) ভুট্টা (c) জোয়ার (d) গম

**11.** গান্ধীজী কোথায় প্রথম ‘সত্যাগ্রহ’ নীতি প্রয়োগ করেন?
(a) ডান্ডি (b) চম্পারণ (c) বরিশাল (d) নাটাল

**12.** ‘ভিলাই ইস্পাত কেন্দ্র’ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) ছত্তিশগড় (b) মধ্য প্রদেশ (c) ওড়িশা (d) ঝাড়খণ্ড

**13.** হিমোগ্লোবিন হল —
(a) সরল প্রোটিন (b) যুক্ত প্রোটিন (c) লব্ধ প্রোটিন (d) লিপিড

**14.** কোন গ্যাস তরল অবস্থায় ঠান্ডা করলে আয়তনে প্রসারিত হয়?
(a) তরল অ্যামোনিয়া (b) তরল হিলিয়াম (c) তরল হাইড্রোজেন (d) তরল অক্সিজেন

**15.** ‘গ্র্যান্ড স্লাম’ কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেবিল টেনিস (b) দাবা (c) ফুটবল (d) ব্রীজ

**16.** ‘বনলতা সেন’ — কবিতাটি কার?
(a) জীবনানন্দ দাশ (b) বিষ্ণু দে (c) জয় গোস্বামী (d) শঙ্খ ঘোষ

**17.** কোন যন্ত্র দিয়ে রক্তচাপ মাপা হয়?
(a) স্টেথোস্কোপ (b) স্ফিগমোম্যানোমিটার (c) ম্যানোমিটার (d) হাইগ্রোমিটার

**18.** আলেকজান্ডার কত সালে ভারত আক্রমণ করেন?
(a) 294 খ্রীঃ পূঃ (b) 302 খ্রীঃ পূঃ (c) 303 খ্রীঃ পূঃ (d) 327 খ্রীঃ পূঃ

**19.** ‘বিশ্ব তামাক বিরোধী দিবস’ কবে পালিত হয়?
(a) 18 এপ্রিল (b) 25 এপ্রিল (c) 24 মে (d) 31 মে

**20.** ‘বিক্রমাদিত্য’ কার ছদ্ম নাম?
(a) অশোক গুপ্ত (b) বিনয় ঘোষ (c) বিমল ঘোষ (d) নিখিল সরকার

**21.** ‘আগা খান কাপ’ কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) হকি (b) ক্রিকেট (c) ফুটবল (d) টেবল টেনিস

**22.** পূর্বঘাট ও পশ্চিমঘাটের সংযোগস্থল হল —
(a) আন্নামালাই পর্বত (b) নীলগিরি পর্বত (c) পালঘাট পর্বত (d) পালানি পর্বত

**23.** 1 KB = কত বাইট?
(a) 512 বাইট (b) 1024 বাইট (c) 1512 বাইট (d) 2048 বাইট

**24.** জাতক কথা কোন ধর্মের সঙ্গে যুক্ত?
(a) হিন্দু (b) জৈন (c) শিখ (d) বৌদ্ধ

**25.** NABARD-এর সদরদপ্তর ভারতের কোন শহরে অবস্থিত?
(a) দিল্লি (b) চেন্নাই (c) মুম্বই (d) বেঙ্গালুরু

**26.** A কোনো একটি কাজ 4 দিনে করতে পারে ও B সেই কাজটি শেষ করতে পারে 12 দিনে। দু'জনে মিলে একসঙ্গে কাজটি করলে কতদিনে তা শেষ হবে?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

**27.** 7 বছর আগে A ও B-এর বয়সের অনুপাত ছিল 3 : 4, 9 বছর পরে তাদের বয়সের অনুপাত হবে 7 : 8. B-এর বর্তমান বয়স কত বছর হবে?
(a) 16 (b) 19 (c) 28 (d) 23

**28.** X, Y ও Z 6,000 টাকায় একটি কাজ করার জন্য চুক্তিবদ্ধ হল। X ও Y একসঙ্গে কাজটির কিছু অংশ করল। বাকি কাজটি Z একা শেষ করল। Z-এর মজুরির টাকা কত হবে?
(a) 1,325 (b) 1,200 (c) 1,500 (d) 1,450

**29.** একটি ট্যাঙ্ক X নল দিয়ে 2 ঘণ্টায় ভরতি হয় ও Y নল দিয়ে 6 ঘণ্টায় ভরতি হয়। সকাল 10টায় X নলটি খোলা হল, তাহলে ট্যাঙ্কটি ভরতি হবে কোন সময়ে, যদি Y নলটি সকাল 11টায় খোলা হয়?
(a) 12:45 P.M (b) 5:40 P.M (c) 11:45 A.M (d) 11:50 A.M

**30.** জগৎ রাম, একজন দুধ বিক্রেতা। তার কিছু পরিমাণ দুধ আছে বিক্রির জন্য। কোন অনুপাতে জল মেশালে সেই মিশ্রণটি ক্রয়মূল্যে বিক্রি করলে 5% লাভ হবে?
(a) 1 : 10 (b) 1 : 5 (c) 1 : 20 (d) 1 : 15

**31.** যদি $3\frac{1}{3}$ M/S গতি রূপান্তরিত করা হয় KM/h, তাহলে তা হবে —
(a) 8 Km/hr (b) 9 Km/hr (c) 10Km/hr (d) 12 Km/hr

**32.** সোমবার থেকে বুধবারের গড় উষ্ণতা 37°C ও মঙ্গলবার থেকে বৃহস্পতিবারের গড় উষ্ণতা 34°C. যদি বৃহস্পতিবারের উষ্ণতা সোমবারের উষ্ণতার $\frac{4}{5}$ হয়, তাহলে বৃহস্পতিবারের উষ্ণতা হবে?
(a) 35.5°C (b) 34°C (c) 36.5°C (d) 36°C

**33.** $\frac{2}{3}$ এর $1\frac{2}{5}$ এর 75% এর 540 = ?
(a) 378 (b) 756 (c) 252 (d) 332

**34.** একটি 400 মিটার দীর্ঘ ট্রেন 36 সেকেন্ড সময় নেয় ট্রেনটির বিপরীত মুখে হাঁটা এক ব্যক্তিকে অতিক্রম করতে, যার হাঁটার গতি ঘণ্টায় 20 কিলোমিটার। তাহলে ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?
(a) 20 (b) 30 (c) 15 (d) 11

**35.** একটি ট্রেন একটি সাঁকো অতিক্রম করতে 9 সেকেন্ড সময় নেয়। যদি ট্রেনটির গতি ঘণ্টায় 48 কিলোমিটার হয়, তাহলে ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 150 (b) 120 (c) 90 (d) 80

**36.** তিনটি সংখ্যার গ.সা.গু. 23. সংখ্যাগুলির অনুপাত যদি 1 : 2 : 3 হয়, সংখ্যাগুলি নির্ণয় করুন।
(a) 69, 15, 22 (b) 23, 46, 69 (c) 25, 31, 41 (d) 23, 21, 35

**37.** একটি ট্রেন একটি দণ্ডায়মান ব্যক্তিকে যখন অতিক্রম করে, তখন ট্রেনটির মাধ্যমে অতিক্রান্ত দূরত্ব 90 মিটার। ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার নির্ণয় করুন।
(a) 20 (b) 87 (c) 71 (d) 90

**38.** একজন সেনাপ্রধান 36562 সেনাদের নিয়ে একটি বর্গরূপ গঠন করতে চান। গঠন করার পর তিনি দেখলেন কিছু সেনা অব্যবহৃত থেকে গেল। অব্যবহৃত সেনার সংখ্যা কত?
(a) 36 (b) 65 (c) 81 (d) 97

**39.** 2424 সংখ্যাটিতে 2-এর স্থানীয় মানগুলির যোগফল হল —
(a) 4 (b) 220 (c) 2002 (d) 2020

**40.** পিতার বয়স পুত্রের বয়সের 9 গুণ ও মাতার বয়স পুত্রের বয়সের 8 গুণ। পিতা ও মাতার বয়সের যোগফল 51 বছর। পুত্রের বয়স কত বছর?
(a) 7 (b) 5 (c) 4 (d) 3

**41.** X, 1 কিলোমিটার দূরত্ব অতিক্রম করে 8 মিনিট 40 সেকেন্ড সময়ে ও Y ওই একই দূরত্ব অতিক্রম করে 10 মিনিটে। X, Y কে কত দূরত্বে হারালো?
(a) $13\frac{1}{3}$ (b) $133\frac{2}{3}$ (c) $133\frac{2}{5}$m (d) $133\frac{1}{3}$m

**42.** একটি পরীক্ষায় 480 জন ছাত্রছাত্রীর মধ্যে 85% ছাত্রী ও 70% ছাত্র পাশ করেছে। মোট পাশের হার যদি 75% হয়, কতজন ছাত্র পরীক্ষায় উপস্থিত ছিল?
(a) 370 (b) 340 (c) 320 (d) 360

**43.** ঘড়িতে 4.40 P.M-এর সময় ঘণ্টা ও মিনিটের কাঁটা কত ডিগ্রি কোণ তৈরি করবে?
(a) 120° (a) 100° (a) 110° (a) 130°

**44.** কোন ক্ষুদ্রতম সংখ্যা 1057-এর সঙ্গে যোগ করতে হবে, যাতে যোগফলটি সম্পূর্ণভাবে 23 দিয়ে বিভাজ্য হয়?
(a) 1 (b) 3 (c) 2 (d) 4

**45.** রমেশ একটি মোবাইল ফোন কিনে সেটি রামকে 10% লাভে বিক্রি করল। তারপর রাম সেই মোবাইল ফোনটি 10% লোকসানে বিক্রি করতে চাইল। এক্ষেত্রে রমেশের লাভ না লোকসান হবে?
(a) লাভ বা, লোকসান কিছুই হবে না (b) 1% লোকসান হবে (c) 1% লাভ হবে (d) 0.5% লাভ হবে

**46.** মান নির্ণ করুন —

$$999\frac{1}{7}+999\frac{2}{7}+999\frac{3}{7}+999\frac{4}{7}+999\frac{5}{7}+999\frac{6}{7}$$

(a) 5997 (b) 5979 (c) 5994 (d) 2997

**47.** একটি শহরের জনসংখ্যা 2,50,000. এটি প্রতি বছর 2% হারে বাড়ে। 2 বছর পর জনসংখ্যার বৃদ্ধি কত হবে?
(a) 2,500 (b) 10,000 (c) 2,52,000 (d) 10,100

**48.** অনিতা একটি বাইসাইকেল 3,200 টাকায় কিনল। সে সাইকেলটি 240 টাকা লোকসানে বিক্রি করল। কত টাকা মূল্যে সে সাইকেলটি বিক্রি করল?
(a) 2,960 (b) 2,690 (c) 3,440 (d) 3,360

**49.** $\frac{3}{4}$ এর $\frac{5}{6}$ এর $\frac{5}{10}$ এর 1664 = কত?
(a) 648 (b) 762 (c) 612 (d) 728

**50.** রাকেশ ও মোহনের গড় বয়স হল 15, মোহন ও রমেশের গড় বয়স হল 12 আর রাকেশ ও রমেশের গড় বয়স যদি 13 হয়, তাহলে মোহনের বয়স কত বছর?
(a) 16 (b) 13 (c) 14 (d) 12

**51.** যুক্তরাজ্য : পাউন্ড : : ভুটান : ?
(a) কিয়াত (b) ভাট (c) নুলট্রাম (d) ওয়ান

**52.** কোনটি বেমানান শব্দ —
(a) কোনারক (b) মাদুরাই (c) দিলওয়ারা (d) ইলোরা

**53.** 2, 2, 4, 4, 6, 8, 8, ?
(a) 12 (b) 14 (c) 16 (d) 18

**54.** — — aba — — ba — ab
(a) abbab (b) baabb (c) abbbb (d) bbaba

**55.** ভুল সংখ্যাটি নির্ণয় করুন —
28, 44, 68, 80, 92
(a) 28 (b) 44 (c) 68 (d) 80

**56.** একটি শ্রেণিতে নন্দিতার স্থান ওপর থেকে 16তম ও নিচ থেকে 15তম। ওই শ্রেণিতে কতজন ছাত্রছাত্রী আছে?
(a) 33 (b) 30 (c) 32 (d) 35

**57.** যদি দক্ষিণ-পূর্ব হয়ে যায় পূর্ব, উত্তর-পশ্চিম হয়ে যায় পশ্চিম, দক্ষিণ-পশ্চিম হয়ে যায় দক্ষিণ, তবে উত্তর দিক হবে —
(a) দক্ষিণ-পূর্ব (b) উত্তর-পশ্চিম (c) দক্ষিণ-পশ্চিম (d) উত্তর-পূর্ব

**58.** লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন —

| | | |
|---|---|---|
| 81 | 121 | 225 |
| 9 | 11 | 15 |
| 63 | ? | 105 |


(a) 78 (b) 60 (c) 77 (d) 55

**59.** যদি E = 5, PEN = 35 হয়, তাহলে PAGE = ?
(a) 28 (b) 30 (c) 27 (d) 29

**60.** যদি একটি বিশেষ কোড অনুযায়ী LOYAL কে JOWAJ লেখা হয়। তাহলে, PRONEকে লেখা হবে —
(a) NRMND (b) NRMNC (c) ORMNG (d) ORPNF

**61:** BJCI : JBIC : : CXDW : ?
(a) BCJU (b) XCWD (c) BCJU (d) EVFU

**62.**




2-এর বিপরীতে কোন সংখ্যা আছে?
(a) 3 (b) 4 (c) 6 (d) 5

**63.** 1984 সালের ক্যালেন্ডার কোন সালের ক্যালেন্ডারের সঙ্গে মিল আছে?
(a) 2010 (b) 2012 (c) 2014 (d) 2016


**64.** বিবৃতি —
1. সব কবি হল বই।
2. সব বই হল পেন।
সিদ্ধান্ত —
(i) সব কবি হল পেন।
(ii) কিছু পেন হল কবি।
(a) শুধুমাত্র i সত্য (b) শুধুমাত্র ii সত্য (c) i ও ii ভুল (d) i ও ii সত্য

**65.** 1950 সালের 26 জানুয়ারি কী বার ছিল?
(a) মঙ্গলবার (b) বুধবার (c) বৃহস্পতিবার (d) শুক্রবার

**66.** (i) ‘A × B’ মানে ‘A হল B-এর পুত্র’
(ii) ‘A+B’ মানে ‘A হল B-এর কন্যা’
(iii) ‘A÷B’ মানে A হল B-এর মা’।
নিচের কোন সম্পর্কটির অর্থ ‘Q হল R-এর বাবা’?
(a) P + Q ÷ R (b) P ÷ R + Q (c) P × Q ÷ R (d) Q × P + R

**67.** INDIA-এর সঙ্কেত 95491 হলে, DELHI-এর সঙ্কেত কী হবে?
(a) 45387 (b) 45388 (c) 45389 (d) 45390

**68.**



ওপরের চিত্রটিতে কতগুলি ত্রিভুজ আছে?
(a) 12 (b) 15 (c) 18 (d) 22

**69.** 6টা ও 7টার মধ্যে কখন ঘড়ির কাঁটা দুটি সমাপতিত হবে?
(a) 6টা $31\frac{3}{11}$ মিনিট (b) 6টা $32\frac{8}{11}$ মিনিট (c) 6টা $32\frac{7}{11}$ মিনিট (d) 6টা $31\frac{8}{11}$ মিনিট

**70.** Q, O, L, H, ?

# প্যারামেডিক্যাল কোর্সের ভবিষ্যৎ সম্ভাবনা



রাজ্য ও দেশের বিভিন্ন প্রান্তে প্যারামেডিক্যাল কোর্সের চাহিদা দিন দিন বাড়ছে। ডাক্তারের সহযোগী কর্মী হিসাবে কাজ করতে হয় প্যারামেডিক্যাল কর্মীদের। রোগীর রোগ নির্ণয়ের জন্য রক্ত পরীক্ষা, ইসিজি করা, এক্স-রে করা, ইউএসজি করা ইত্যাদি যাবতীয় কাজ করতে হয় প্যারামেডিক্যাল কর্মীদের। এই পেশাদার কোর্স করার পরে একদিকে যেমন সরকারি চাকরি পাওয়া যায়, তেমনি বেসরকারি হাসপাতাল, ক্লিনিক বা নার্সিংহোমে ভালো মাইনেতে নিশ্চিত চাকরি পাওয়া যায়। প্যারামেডিক্যাল কোর্সে কাজের সুযোগ কেমন আছে, কোথায় কোথায় এই কোর্স পড়ানো হয়, ভরতির জন্য কোথায় প্রবেশিকা পরীক্ষা দিতে হয় ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করছেন অধ্যক্ষ ও লেখক অসীম রায়।

প্যারামেডিক্যাল কোর্সগুলি হল বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি, যা ছেলেমেয়েদের সহায়ক স্বাস্থ্যকর্মী হিসাবে কাজ করার জন্য তৈরি করে। এইসব কোর্স রোগীর রোগ নির্ণয়, চিকিৎসা ও রোগীদের যত্ন নেওয়ার জন্য মেডিক্যাল পেশাদারদের সহায়তা করার ক্ষেত্রে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা প্রদান করে। স্বাস্থ্যসেবার প্রয়োজনীয়তা বাড়ার কারণে প্যারামেডিক্যাল পেশাদারদের চাহিদাও দিন দিন বাড়ছে।

## কাজের সুযোগ

1.বেসরকারি :

- **হাসপাতাল ও ক্লিনিক :** প্যারামেডিক্যাল পেশাদাররা হাসপাতাল, ব্যক্তিগত ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে কাজ করতে পারে।
- **গবেষণাগার :** বিভিন্ন গবেষণাগারে ল্যাব টেকনিশিয়ান ও রেডিওগ্রাফারদের চাহিদা বেশি।
- **নার্সিং হোম :** নার্স, ফিজিওথেরাপিস্ট ও অকুপেশনাল থেরাপিস্টদের জন্য কাজের সুযোগ।
- **কর্পোরেট স্বাস্থ্য বিভাগ :** কোম্পানিগুলি ইন-হাউস স্বাস্থ্যসেবার জন্য প্যারামেডিক্যাল কর্মীদের নিয়োগ করে।
- **শিক্ষা প্রতিষ্ঠান :** প্যারামেডিক্যাল কলেজে শিক্ষাদান ও প্রশিক্ষণের জন্য প্যারামেডিক্যাল পেশাদারদের নিয়োগ করা হয়।

2. সরকারি :

- **সরকারি হাসপাতাল :** সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রে কাজের সুযোগ।
- **জনস্বাস্থ্য বিভাগ :** জনস্বাস্থ্য উদ্যোগ ও বিভিন্ন কর্মসূচিতে ভূমিকা।
- **প্রতিরক্ষা পরিষেবা :** সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর মেডিক্যাল কর্পসে প্যারামেডিক্যাল কর্মীদের নিয়োগ করা হয়।
- **গবেষণা প্রতিষ্ঠান :** সরকারি অনুদানপ্রাপ্ত গবেষণা প্রকল্প ও প্রতিষ্ঠানে কাজের সুযোগ আছে।
- **জরুরি পরিষেবা :** অ্যাম্বুলেন্স পরিষেবা, দুর্যোগ ব্যবস্থাপনা ও জরুরি চিকিৎসা পরিষেবায় কাজের সুযোগ।

## এই কোর্স পড়ে কোন কোন ক্ষেত্রে কেরিয়ার গড়তে পারেন

প্যারামেডিক্যাল স্নাতকদের জন্য কেরিয়ার গড়ার অনেক সুযোগ আছে। এখানে কিছু সম্ভাব্য কেরিয়ারের তালিকা দেওয়া হল :

### মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান

- **ভূমিকা :** ল্যাবরেটরি পরীক্ষা পরিচালনা ও নমুনা বিশ্লেষণ।
- **কাজের সুযোগ :** হাসপাতাল, ডায়াগনস্টিক ল্যাব, গবেষণা ল্যাব।
- **মাইনে :** প্রতি বছর ২.৫ লাখ থেকে ৫ লাখ টাকা।

### রেডিওলজি টেকনিশিয়ান

- **ভূমিকা :** ইমেজিং সরঞ্জাম পরিচালনা ও রেডিওলজিক্যাল পরীক্ষা পরিচালনা।
- **কাজের সুযোগ :** হাসপাতাল, ডায়াগনস্টিক সেন্টার, ক্লিনিক।
- **মাইনে :** প্রতি বছর ৩ লাখ থেকে ৬ লাখ টাকা।

### ফিজিওথেরাপিস্ট

- **ভূমিকা :** শারীরিক থেরাপি ও পুনর্বাসন সেবা প্রদান।
- **কাজের সুযোগ :** হাসপাতাল, ক্লিনিক, ক্রীড়া ক্ষেত্র।
- **মাইনে :** প্রতি বছর ২.৫ লাখ থেকে ৬ লাখ টাকা।

### অপ্টোমেট্রিস্ট

- **ভূমিকা :** চোখের পরীক্ষা পরিচালনা ও সংশোধনমূলক লেন্স নির্ধারণ।
- **কাজের সুযোগ :** চক্ষু হাসপাতাল, অপটিক্যাল স্টোর, ব্যক্তিগত ক্ষেত্র।
- **মাইনে :** প্রতি বছর ৩ লাখ থেকে ৭ লাখ টাকা।

### অপারেশন থিয়েটার টেকনিশিয়ান

- **ভূমিকা :** সার্জিক্যাল প্রক্রিয়াগুলিতে সহায়তা ও অপারেশন থিয়েটার রক্ষণাবেক্ষণ।
- **কাজের সুযোগ :** হাসপাতাল, সার্জিক্যাল সেন্টার।
- **মাইনে :** প্রতি বছর ২.৫ টাকা থেকে ৫ লাখ টাকা।

### যোগ্যতা

1. শিক্ষাগত যোগ্যতা :

- **স্নাতক কোর্স :** ১০+২ বিজ্ঞান বিভাগ (পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা/ গণিত)।
- **স্নাতকোত্তর কোর্স :** সংশ্লিষ্ট ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রি।
- **ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্স :** ১০+২ বিজ্ঞান বিভাগ। কবে, কিছু কোর্স মাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরাও করতে পারে।

2. বয়স :

সাধারণত, ভরতির সময় ছেলেমেয়েদের বয়স হতে হবে ১৭ বছর। বেশিরভাগ কোর্সের জন্য কোনো বয়সসীমা নেই, তবে এটি প্রতিষ্ঠান অনুসারে পরিবর্তিত হতে পারে।

## প্যারামেডিক্যাল কোর্সের ধরন

1. ডিগ্রি কোর্স : ছেলেমেয়েরা উচ্চ মাধ্যমিক পাশ করার পর, তাদের পছন্দ অনুযায়ী ডিপ্লোমা, সার্টিফিকেট বা, স্নাতক প্যারামেডিক্যাল কোর্স বেছে নিতে পারে:

- **ব্যাচেলর অফ সায়েন্স (বি.এসসি) ইন নার্সিং**
- **ব্যাচেলর অফ ফিজিওথেরাপি (বি.পিটি)**
- **ব্যাচেলর অফ অকুপেশনাল থেরাপি (বি.ওটি)**
- **ব্যাচেলর অফ মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (বি.এম.এল.টি)**
- **ব্যাচেলর অফ রেডিওলজি ও ইমেজিং টেকনোলজি**

2. ডিপ্লোমা কোর্স : উচ্চ মাধ্যমিক পাশ করার পর, পশ্চিমবঙ্গের শীর্ষ প্যারামেডিক্যাল কলেজগুলিতে ভরতি হতে, আবেদনকারীদের দ্বাদশ শ্রেণিতে (PCB ও ইংরেজি- সহ) ন্যূনতম ৫০% নম্বর পেয়ে থাকতে হবে ও তাঁদের বিশ্ববিদ্যালয় বা, জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় ভালো নম্বর পেয়ে থাকতে হবে। যাঁরা স্বল্পমেয়াদী কোর্স করতে চান, তাঁরা ডিপ্লোমা বা, সার্টিফিকেট কোর্সে ভরতি হতে পারেন।

- **ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (ডি.এম.এল.টি)**
- **ডিপ্লোমা ইন রেডিওলজি**
- **ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি**
- **ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি**

3. সার্টিফিকেট কোর্স : মাধ্যমিক পাশের পর প্যারামেডিক্যাল কোর্সগুলি হল সাধারণত স্বল্পমেয়াদী সার্টিফিকেট কোর্স, যা আপনি (মাধ্যমিক পাশের পর) শুরু করতে পারেন। এই কোর্সগুলি মূলত নার্সিং, জরুরি পরিষেবার মতো ক্ষেত্রে চিকিৎসা কর্মীদের সহায়তার জন্য দরকার হয়। মাধ্যমিক পাশের পর যেসব প্যারামেডিক্যাল কোর্সগুলি করতে পারেন, তার মধ্যে কয়েকটি হল:

- **মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির সার্টিফিকেট**
- **ইসিজি ও সিটি স্ক্যান টেকনোলজির সার্টিফিকেট**
- **ডায়ালিসিস টেকনোলজির সার্টিফিকেট**
- **ফিজিওথেরাপি টেকনোলজির সার্টিফিকেট**

## পশ্চিমবঙ্গের প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা

**1. পশ্চিমবঙ্গ যৌথ প্রবেশিকা পরীক্ষা প্যারামেডিক্যাল কোর্সের জন্য (WBJEE প্যারামেডিক্যাল)**

- পরিচালনায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।
- কোর্স: বি.এসসি নার্সিং, বি.পি.টি, বি.এম.এল.টি ইত্যাদি।

**2. জেনপাহ / জেনপাস-ইউজি**

- পরিচালনায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড।
- কোর্স: বি.এসসি নার্সিং, বি.পি.টি, বি.এ.এস.এল.পি, বি.এম.এল.টি ইত্যাদি।

## ভারতের প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা

**1. এআইআইএমএস প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা**

- পরিচালনায়: অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস।
- কোর্স: বি.এসসি (অনার্স) নার্সিং, বি.এসসি (অনার্স) মেডিক্যাল টেকনোলজি ইন রেডিওগ্রাফি ইত্যাদি।

**2. জিপমার প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা**

- পরিচালনায়: জওহরলাল ইনস্টিটিউট অফ পোস্টগ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ।
- কোর্স : বি.এসসি নার্সিং, বি.এসসি অ্যালায়েড হেলথ সায়েন্সেস ইত্যাদি।

**3. এনইইটি-ইউজি (প্যারামেডিক্যাল কোর্সের জন্য)**

- পরিচালনায়: ন্যাশনাল টেস্টিং এজেন্সি।
- কোর্স : কিছু বিশ্ববিদ্যালয় প্যারামেডিক্যাল কোর্সে ভরতির জন্য NEET-UG স্কোর বিবেচনা করে।

**4. সিএমসি ভেলোর প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা**

- পরিচালনায় : খ্রিস্টান মেডিক্যাল কলেজ, ভেলোর।



- কোর্স : বি.এসসি নার্সিং, বি.পি.টি, বি.ও.টি ইত্যাদি।

**5. মনিপাল প্রবেশিকা পরীক্ষা (MET)**

- পরিচালনায়: মনিপাল আকাদেমি অফ হায়ার এডুকেশন।
- কোর্স: বি.এসসি নার্সিং; বি.এসসি অ্যালায়েড হেলথ সায়েন্সেস ইত্যাদি।

**6. জামিয়া হামদার্দ প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা**

- পরিচালনায়: জামিয়া হামদার্দ বিশ্ববিদ্যালয়, নয়া দিল্লি
- কোর্স: বি.এসসি নার্সিং, বি.পি.টি, বি.এসসি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি ইত্যাদি।

**7. নিমস বিশ্ববিদ্যালয় প্যারামেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা**

- পরিচালনায় : নিমস বিশ্ববিদ্যালয়, জয়পুর।
- কোর্স : বিভিন্ন প্যারামেডিক্যাল কোর্স, যেমন বি.এসসি নার্সিং, বি.পি.টি ইত্যাদি।

এইসব পরীক্ষায় সাধারণত পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান ও কখনও কখনও গণিতের বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকে, কোর্সের প্রয়োজনীয়তা অনুযায়ী। প্রতিটি পরীক্ষার নির্দিষ্ট যোগ্যতা ও পাঠ্যক্রম সম্পর্কে জানতে ওই প্রতিষ্ঠানগুলির ওয়েবসাইট দেখুন।

## পশ্চিমবঙ্গ ও ভারতের কলেজগুলি

### পশ্চিমবঙ্গ

**1. ইনস্টিটিউট অফ পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন রিসার্চ, কলকাতা**

- যোগাযোগ : +91 33 2204 1100
- কোর্স : বি.এসসি নার্সিং, ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি
- https://www.ipgmer.gov.in/paramedicaldiplomacourses

**2. কলেজ অফ প্যারামেডিক্যাল ও অ্যালায়েড হেলথ সায়েন্সেস, কলকাতা**

- যোগাযোগ : +91 33 2320 3040
- কোর্স: বি.এম.এল.টি, ডি.এম.এল.টি, ইসিজি টেকনোলজির সার্টিফিকেট।
- https://wbuhs.ac.in/courses/paramedical-allied/bachelors-degree-paramedical-allied/

**3. অ্যাপোলো গ্লেনিগেলস হাসপাতাল, কলকাতা**

- যোগাযোগ : +91 33 2320 3040
- কোর্স : ডিপ্লোমা ইন রেডিওলজি, ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি
- https://www.apollohospitals.com/academics-research/courses/paramedical/

### সারা ভারত

**1. অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস, নয়া দিল্লি**

- যোগাযোগ : +91 11 2658 8500
- কোর্স : বি.এসসি নার্সিং, ব্যাচেলর অফ অপ্টোমেট্রি, ডিপ্লোমা ইন রেডিওলজি
- https://www.aiims.edu/index.php?lang=en

**2. ক্রিশ্চিয়ান মেডিক্যাল কলেজ (সিএমসি), ভেলোর**

- যোগাযোগ : +91 416 228 1000
- কোর্স : বি.পিটি, বি.এম.এল.টি, ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি।
- https://www.cmch-vellore.edu/

**3. মণিপাল আকাদেমি অফ হায়ার এডুকেশন, মণিপাল**

- যোগাযোগ : +91 92437 77733
- কোর্স : বি.এসসি নার্সিং, বি.পিটি, ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনোলজি
- https://www.manipal.edu/psph/about-doph/administration.html

**4. টাটা মেমোরিয়াল হাসপাতাল, মুম্বই**

- যোগাযোগ : +91 22 2417 7000
- কোর্স : বি.এসসি ইন রেডিওথেরাপি, ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি
- https://tmc.gov.in/

**5. সেন্ট জনস মেডিক্যাল কলেজ, বেঙ্গালুরু**

- যোগাযোগ : +91 22 2417 7000
- কোর্স : বি.এসসি নার্সিং, বি.পিটি, ডিপ্লোমা ইন রেডিওলজি
- https://stjohns.in/Healthscience/ug_courses.php

### কোর্স ফি

প্যারামেডিক্যাল কোর্সের ফি প্রতিষ্ঠান, কোর্সের সময়কাল ও শিক্ষার স্তরের ওপর নির্ভর করে পরিবর্তিত হয়। নীচে আনুমানিক সীমা দেওয়া হল:

- ডিগ্রি কোর্স : বার্ষিক ২০,০০০ - ১,০০,০০০ টাকা
- ডিপ্লোমা কোর্স : বার্ষিক ১০,০০০ - ৫০,০০০ টাকা
- সার্টিফিকেট কোর্স : প্রতি কোর্স ৫,০০০ - ৩০,০০০ টাকা

### ভবিষ্যতের সম্ভাবনা

স্বাস্থ্যসেবা খাত দ্রুত সম্প্রসারিত হচ্ছে, যার ফলে প্যারামেডিক্যাল পেশাদারদের চাহিদা বাড়ছে। চিকিৎসা প্রযুক্তির অগ্রগতি ও জনসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে দক্ষ প্যারামেডিকদের প্রয়োজন বাড়তে থাকবে। এছাড়াও, করোনা অতিমারি স্বাস্থ্যকর্মীদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেছে। ফলে, প্যারামেডিক্যাল কোর্সের গুরুত্ব আরও বেড়েছে।

*পশ্চিমবঙ্গে বেসরকারি যেসব প্রতিষ্ঠানে প্যারামেডিক্যাল কোর্স পড়ানো হয়, তার নাম, ঠিকানা দেওয়া হল —*

- **সুপ্রিজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল টেকনোলজি অ্যান্ড অপ্টোমেট্রি (এস.আই.পি.টি.ও)।** মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office). Ph. : 7001279061, 7602656588. শাখা বহরমপুর : 6295273218, 6382415291. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com
- **ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপ্টোমেট্রি অ্যান্ড প্যারামেডিক্যাল টেকনোলজি,** কল্যাণী ওয়েবেল আই.টি. পার্ক (ফেজ-২), পশ্চিমবঙ্গ সরকার, কল্যাণী, নদিয়া (কল্যাণী বুদ্ধপার্ক ও এস.পি. কার্যালয়ের কাছে), ৭৪১২৩৫। মোবাইল : 9339218894, 9477425536, 8100149510.
- **সমৃদ্ধি ইনস্টিটিউট অফ হেলথ অ্যান্ড টেকনোলজি।** কাঁচরাপাড়া, হরিণঘাটা রোড, মোহনপুর (বিসিকেবি'র উল্টোদিকে), নদিয়া। ফোন : 7044684220, 9832054141.
- **এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট।** সোদপুর, মৌলালী, কলকাতা। ফোন : 9073943491, 9874747039.
- **জেনা ইনস্টিটিউট অফ স্কিল ডেভেলপমেন্ট।** কল্যাণী, নদিয়া, ফোন : 8820270777, 9088104895.
- **ডি.পি.এম.আই প্যারামেডিক্যাল ইনস্টিটিউট।** কল্যাণী, নদিয়া, ফোন : 7669955472.
- **প্যারামেডিকেল কলেজ।** দুর্গাপুর, ফোন : 93337-09950.
- **মহারাজা আগ্রাসাইন — মাইন্ডমাইন কলেজ অফ স্কিল এডুকেশন।** ফোন : 7595077657, 7595077656.
- **ড. বি.সি. রায় আকাদেমি অফ প্রফেশনাল কোর্সেস।** ফোন : 0343-2500025, 0343-2504106.
- **আসানসোল টেকনোলজিক্যাল ইনস্টিটিউশন।** ফোন : 7797918120, 9434182065.
- **এস.এম.টি.আর. ট্রেনিং সেন্টার।** বারাসাত, উত্তর ২৪ পরগনা। ফোন : 9874792201, 7679639967.
- **ক্যালকাটা ইনস্টিটিউট অফ ফার্মাসিউটিক্যাল টেকনোলজি অ্যান্ড অ্যালায়েড হেলথ সায়েন্সেস।** ফোন : 8335069517, 8335069561.
- **এম.আর.আই.টি.।** শ্রীরামপুর, হুগলী। ফোন : 9231839309.
- **কে.আই.এম.এস. প্যারামেডিকেল ইনস্টিটিউট।** বর্ধমান। ফোন : 8240596286.
- **নেওটিয়া ইউনিভার্সিটি।** ফোন : 7044446999, 7044446888.
- **আইকিউ সিটি মেডিকেল কলেজ।** দুর্গাপুর। ফোন : 8945524319, 7477792024.
- **ইন্দ্রজিৎ মেমোরিয়াল ইনস্টিটিউট।** মধ্যমগ্রাম, কলকাতা- ৭০০১৩০। ফোন : 9143372341, মুর্শিদাবাদ : 9432504715.
- **স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি।** ২৪, গিরীশ বোস রোড, এন্টালি, শিয়ালদহ, কলকাতা- ৭০০০১৪। ফোন : 9231520480, 9874760012.
- **সেন্ট্রাল ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স অ্যান্ড টেকনোলজি।** ১২৬বি, রাজা রামমোহন সরণি, কলকাতা- ৭০০০০৯, শিয়ালদহ, আর্মহার্স্ট স্ট্রিট মোড়। ফোন : 9331062421, www.cimst.ac.in
- **কেরিয়ার আকাদেমি অফ মেডিক্যাল সায়েন্স।** গড়িয়া স্টেশন রোড, ছোটো বটতলা, কলকাতা- ৭০০০৮৪, ৪৫ বাসস্ট্যান্ডের বিপরীতে। ফোন : 7044716334, 7980054389.
- **গুরুকুল এডুটেক কলেজ,** লাঙলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186. ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

# রেলে ১,৩৭৬ প্যারামেডিক্যাল কর্মী

১ পাতার পর

বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ আগস্ট থেকে ১৬ সেপ্টেম্বরের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

আহমেদাবাদ, আজমীর, বিলাসপুর, চন্ডীগড়, চেন্নাই, গোরক্ষপুর, জম্মু-শ্রীনগর, মুম্বই, মুজঃফরপুর, প্রয়াগরাজ, সেকেন্দরাবাদ, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ তা পরবর্তী সংখ্যায় দেওয়া হবে।




মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত

## ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

নিজস্ব সংবাদদাতা : এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (MAKAUT) স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভাবতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 8981611881, 7059918186, ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com